# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 14, 1433 Bangla, April 27, 2026, Monday, No. 114, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman will inaugurate a number of development projects including Ulashi Canal excavation program during visit to Jessore today. [Jago FM: 11]

The Prime Minister has announced that fuel rationing or limitation of fuel for police and other emergency services imposed earlier has been lifted. [Jago FM: 12]

The Jatiya Sangsad has passed bill scrapping duty-free car benefit for MPs. [BBC: 03]

Eight more children have died from measles and measles-like symptoms in country in 24 hours. [BBC: 03]

Education ministry has informed that the news of question paper leakage in ongoing SSC & its equivalent examinations is fully baseless. [R. Today: 17]

At least 12 people killed in thunderbolt in different districts of country. [R. Today: 18]

US Foreign ministry has assured of ensuring justice for two Bangladeshi students killed in Florida. [BBC: 03]

Farmers in haor areas of Netrokona have started cutting paddy being panicked of met offices flood forecasting of flash floods amid diesel & labour crisis. [Jago FM: 10]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ১৪, বাংলা ১৪৩৩, এপ্রিল ২৭, ২০২৬, সোমবার, নং- ১১৪, ৫৬তম বছর**

# শিরোনাম

যশোর সফরকালে আজ উলাশী খাল খনন প্রকল্পসহ বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [জাগো এফএম: ১১]

পুলিশসহ জরুরি সেবায় নিয়োজিত বাহিনীর ওপর আরোপিত জ্বালানি তেলের সীমাবদ্ধতা বা রেশনিং তুলে নেওয়া হয়েছে জানিয়েছেন প্রধানমন্ত্রী। [জাগো এফএম: ১২]

সংসদ সদস্যদের শুল্কমুক্ত গাড়ি আমদানির সুবিধা বাতিল করে জাতীয় সংসদে বিল পাস। [বিবিসি: ০৩]

সারা দেশে ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে আরও আটজনের মৃত্যু। [বিবিসি: ০৩]

চলতি এসএসসি ও সমমান পরীক্ষায় প্রশ্নফাঁসের সংবাদ সম্পূর্ণ ভিত্তিহীন বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। [রে. টুডে: ১৭]

দেশের বিভিন্ন জেলায় বজ্রপাতে অন্তত ১২ জনের প্রাণহানি। [রে. টুডে: ১৮]

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় দুই বাংলাদেশি শিক্ষার্থী হত্যার ঘটনায় ন্যায়বিচার নিশ্চিত করার কথা জানিয়েছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়। [বিবিসি: ০৩]

ডিজেল ও শ্রমিক সংকটের মধ্যে আবহাওয়া অফিসের আকস্মিক বন্যার পূর্বাভাসে আতঙ্কিত হয়ে নেত্রকোনার হাওরাঞ্চলের কৃষকদের ধান কাটা শুরু করেছেন। [জাগো এফএম: ১০]

# বিবিসি

## জরুরি সেবাদানকারী সকলের এখন থেকে জ্বালানির সমস্যা হবে না : প্রধানমন্ত্রী

আইন-শৃঙ্খলা বাহিনীর তেল ও জ্বালানি সংকটের বিষয়ে একজন সংসদ সদস্য উদ্বেগ প্রকাশ করলে বাংলাদেশের সংসদের নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমান জানান, "এই বিষয়টি এরই মধ্যে আমরা অ্যাড্রেস করেছি।„ জরুরি সেবাদানকারী সকল প্রতিষ্ঠানের এখন থেকে জ্বালানির সমস্যা হবে না বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী। "পুলিশসহ ইমারজেন্সি বাহিনী যারা আছে- পুলিশ হোক, অ্যাম্বুলেন্স হোক, ফায়ার ব্রিগেড হোক- এই জাতীয় যারা আছে, তাদের ওপর থেকে এই যে অ্যাম্বারগো ছিল, এটা সরিয়ে নেওয়া হয়েছে। এটা আরো দুইদিন আগে এই সিদ্ধান্তটি আমরা গ্রহণ করেছি। দুইদিন আগে এটা ক্লিয়ার করে দেওয়া হয়েছে। আশা করি, এই সমস্যাটি আর হওয়ার কথা না,„ সংসদে জানান প্রধানমন্ত্রী তারেক রহমান।(বিবিসি ওয়েব পেজ: ২৬.০৪.২০২৬ এলিনা)

## শুল্কমুক্ত গাড়ি আমদানির সুবিধা বাতিল করে সংসদে বিল পাস

সংসদ সদস্যদের শুল্কমুক্ত সুবিধা বাতিল করে গাড়ি আমদানির সুবিধা বাতিল করে জাতীয় সংসদে বিল পাস হয়েছে। আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান সংসদে বিলটি উত্থাপন করেন। পরে সংসদ সদস্যদের কণ্ঠভোটে বিলটি পাস করা হয়। এর আগে, গত বৃহস্পতিবার মন্ত্রিসভায় এই সুবিধা বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।
(বিবিসি ওয়েব পেজ: ২৬.০৪.২০২৬ এলিনা)

## ফ্লোরিডায় দুই বাংলাদেশি শিক্ষার্থী নিখোঁজ ও হত্যার ঘটনায় ন্যায়বিচারের বাংলাদেশের

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় দুই বাংলাদেশি শিক্ষার্থী নিখোঁজ ও হত্যার ঘটনায় ন্যায়বিচার নিশ্চিত করার কথা জানিয়েছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, ফ্লোরিডার ইউনিভার্সিটি অব সাউথ ফ্লোরিডায় অধ্যয়নরত দুই বাংলাদেশি শিক্ষার্থী জামিল আহমেদ লিমন এবং নাহিদা সুলতানা বৃষ্টি নিখোঁজ হওয়ার খবর পাওয়ার পরপরই ওয়াশিংটন ডিসিতে অবস্থিত বাংলাদেশ দূতাবাস এবং মায়ামিস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল সংশ্লিষ্ট মার্কিন কর্তৃপক্ষ, বিশ্ববিদ্যালয় প্রশাসন এবং তদন্তকারী সংস্থাসমূহের সাথে ঘনিষ্ঠ ও ধারাবাহিক যোগাযোগ বজায় রেখে আসছে। ইতোমধ্যে, জামিল আহমেদ লিমনের মরদেহ উদ্ধার করা হয়েছে। এতে আরো জানানো হয়েছে, মায়ামিস্থ বাংলাদেশ কনস্যুলেট মরদেহটি দ্রুততম সময়ে বাংলাদেশে ফিরিয়ে আনার লক্ষ্যে স্থানীয় ফিউনারেল কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সবার সাথে সক্রিয়ভাবে কাজ করছে। বর্তমান প্রেক্ষাপটে, এই মুহূর্তে ফ্লোরিডার টাম্পা থেকে দুবাই হয়ে মরদেহ পরিবহণে সীমাবদ্ধতা থাকায় বিকল্প রুটসমূহ সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে বলেও জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। এছাড়া, নাহিদা সুলতানা বৃষ্টি সম্পর্কে আরও তথ্য পেতে দূতাবাস সংশ্লিষ্ট মার্কিন কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রাখছে বলেও জানিয়েছে। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, মার্কিন তদন্তকারী সংস্থা হিলসবোরো কাউন্টি শেরিফ অফিস এই ঘটনার সাথে সংশ্লিষ্ট এক সন্দেহভাজন ব্যক্তিকে আটক এবং তার বিরুদ্ধে দুইটি প্রথম-শ্রেণির হত্যা মামলা দায়ের করার কথা বাংলাদেশের দূতাবাসকে জানিয়েছে। "বাংলাদেশ সরকার সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সাথে ঘনিষ্ঠ সহযোগিতার মাধ্যমে ন্যায়বিচার নিশ্চিত করার প্রত্যয় ব্যক্ত করছে„ বলে উল্লেখ করা হয়েছে বিজ্ঞপ্তিতে। (বিবিসি ওয়েব পেজ: ২৬.০৪.২০২৬ রুবাইয়া)

## গত ২৪ ঘণ্টায় হাম উপসর্গে মারা গেছে আটজন

হাম উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় আটজন মারা গেছে। স্বাস্থ্য অধিদপ্তরের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। এর মধ্যে নিশ্চিত হাম রোগে একজন এবং বাকি সাতজন সন্দেহজনক হাম রোগে মারা গেছেন বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। এই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামে ৪৩ জন এবং সন্দেহজনক হামে ২১৬ জন মারা গেছেন। গত ২৪ ঘণ্টায় নিশ্চিতভাবে হাম রোগীর সংখ্যা ১৪৩ জন, এবং সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১ হাজার ৪২১ জন।(বিবিসি ওয়েব পেজ: ২৬.০৪.২০২৬ এলিনা)

## সারা দেশে বজ্রপাতে ১১ জন মারা গেছেন

বজ্রপাতে সারাদেশের ছয় জেলায় ১১ জন মারা গেছে বলে খবর পাওয়া গেছে। এর মধ্যে গাইবান্ধায় চারজন মারা গেছেন বলে জানিয়েছেন অতিরিক্ত জেলা প্রশাসক যাদব সরকার। সিরাজগঞ্জের অতিরিক্ত জেলা প্রশাসক গণপতি রায় বিবিসি বাংলাকে জানিয়েছেন, রায়গঞ্জ এবং তাড়াশ উপজেলায় দুইজন বজ্রপাতে মারা গেছেন। এছাড়া জামালপুরে দুইজন, নাটোরের সিংড়ায় একজন, বগুড়ার গাবতলীতে একজন এবং পঞ্চগড়ের আটোয়ারিতে একজন বজ্রপাতে মারা গেছেন বলে জানা গেছে। (বিবিসি ওয়েব পেজ: ২৬.০৪.২০২৬ রুবাইয়া)

## সরকারের অব্যবস্থাপনাই সংকট বাড়াচ্ছে?

পাম্পগুলোয় দিনের পর দিন তেলের জন্য যানবাহন নিয়ে মানুষের ঘণ্টার পর ঘণ্টা ক্লান্তিকর অপেক্ষার দীর্ঘ লাইন যেমন আছে, একইসঙ্গে জ্বালানি তেলের সংকটের প্রভাব পড়ছে বিদ্যুৎ উৎপাদনে, দ্রব্যমূল্যে এবং সর্বোপরি অর্থনীতিতে। ইরান যুদ্ধকে কেন্দ্র করে সৃষ্ট জ্বালানি সংকটের প্রভাব বাংলাদেশের বিভিন্ন খাতে জোরালোভাবে দৃশ্যমান

হচ্ছে। যদিও অকটেন-পেট্রোলের কোনো ঘাটতি নেই এবং এমনকি ডিজেলও পর্যাপ্ত মজুত করা হয়েছে বলে বাংলাদেশ সরকার দাবি করছে। তাহলে ঘাটতি কোথায়? প্রশ্ন উঠছে সরকারের ব্যবস্থাপনা নিয়ে। পরিস্থিতির জন্য সরকারের পক্ষ থেকে দায়ী করা হচ্ছে কিছু মানুষের 'প্যানিক বায়িং'-এর বিষয়টিকে এবং এক শ্রেণির অসাধু বা কালোবাজারি চক্রকে। জ্বালানি, বিদ্যুৎ ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ বিবিসি বাংলাকে বলেছেন, অসাধু, কালোবাজারি চক্র বারবার তেল নিতে পেট্রোল পাম্পগুলোতে ভিড় করছে এবং তেল সরবরাহে সংকট তৈরি করছে। এই চক্রের বিরুদ্ধে অভিযান চালানোর কথাও বলা হচ্ছে সরকারের পক্ষ থেকে। কিন্তু উন্নতি নেই পরিস্থিতির। এর অর্থ সরকারের পদক্ষেপ বা পরিকল্পনা মানুষকে সন্তুষ্ট করতে পারছে না এবং সে কারণে ইতিবাচক ফল পাওয়া যাচ্ছে না। আর সেখানেই সরকারের ব্যবস্থাপনায় ঘাটতি বা অব্যবস্থাপনার প্রশ্ন তুলছেন বিশ্লেষকদের অনেকে।

তারা বলছেন, এই সংকট জ্বালানি তেলেই সীমাবদ্ধ থাকছে না। এর প্রভাবে দেশের কোনো কোনো অঞ্চলে সাত-আট ঘণ্টা পর্যন্ত বিদ্যুতের লোডশেডিং করা হচ্ছে। অস্থিরতার দিকে এগোচ্ছে নিত্যপণ্যের বাজার। দেশে বিগত সময়ের রাজনৈতিক পরিস্থিতির কারণে দুই মাস বয়সি বিএনপি সরকারের জন্য বিপর্যস্ত ব্যাংকখাতসহ অর্থনীতিতে নানা চ্যালেঞ্জের বিষয় আলোচনায় ছিল অনেক আগে থেকেই। এখন ইরান যুদ্ধ সেই চ্যালেঞ্জ বাড়িয়ে দিয়েছে। ইরান যুদ্ধের প্রভাবে বাংলাদেশে নতুন করে ১২ লাখ মানুষ দারিদ্র্যসীমার নিচে নেমে যেতে পারে বলে বিশ্বব্যাংক সতর্ক করে দিয়েছে। এ ধরনের পরিস্থিতিতে অর্থনীতির সঠিক পরিকল্পনা নিয়ে সরকার এগোচ্ছে বলে দাবি করেছেন অর্থ মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বিবিসি বাংলাকে বলেছেন, দ্রব্যমূল্যসহ মানুষের জীবনযাত্রার ব্যয় সহনীয় পর্যায়ে রাখা সম্ভব হয়েছে বলে তারা মনে করেন। তবে ভিন্নমত দিচ্ছেন অর্থনীতিবিদদের অনেকে। তারা বলছেন, সংকট সামলাতে সরকারের অব্যবস্থাপনার বিষয়টিই আলোচনার কেন্দ্রে আসছে। একইসঙ্গে ইরান যুদ্ধের কারণে জ্বালানি তেল সংগ্রহে বড়ো অঙ্কের বাড়তি অর্থের ব্যয় করতে হচ্ছে। সেটি দেশের অর্থনীতিতে চাপ বাড়াবে বলে মনে করছেন অর্থনীতিবিদেরা।

**সরকারের অব্যবস্থাপনার প্রশ্ন কেন আসছে?**

শুরুতেই সরকারের অব্যবস্থাপনা প্রকাশ পেয়েছে জ্বালানি তেল বিতরণে রেশনিং চালু করার কারণে। ইরান যুদ্ধ শুরুর পর ফেব্রুয়ারির শেষে এবং মার্চের শুরুতে অকটেন, পেট্রোল বা ডিজেল ঘিরে যখন মানুষের মধ্যে 'প্যানিক বায়িং' শুরু হয়, সে সময় সরকার পাম্পগুলোয় তেল বিক্রিতে রেশনিং চালু করে। রেশনিংয়ের এই পদক্ষেপ মানুষের মধ্যে তেল নিয়ে আতঙ্ক এবং প্যানিক বায়িং আরও বাড়িয়ে দেয়। ঢাকাসহ সারা দেশের পেট্রোল পাম্পগুলোয় তেলের জন্য যানবাহন নিয়ে মানুষের অপেক্ষার লাইন বড়ো হতে থাকে। তখন চাহিদার তুলনায় তেল সরবরাহে ঘাটতি দেখা দেয়। এমন পরিস্থিতিতে মানুষের অসন্তোষের মুখে রেশনিং ব্যবস্থা থেকে সরে আসে সরকার। বিশ্লেষকেরা বলছেন, অকটেন ও পেট্রোলের চাহিদার একটা বড়ো অংশ দেশেই উৎপাদন হয়। এরপরও আন্তর্জাতিক খোলা বাজারসহ বিকল্প বিভিন্ন উপায় থেকে উচ্চ দামে তেল সংগ্রহ করেছে সরকার। ডিজেলও আমদানি করা হয় ভারতসহ বিকল্প জায়গা থেকে। সরকারের পক্ষ থেকে বারবার বলা হচ্ছে, অকটেন, পেট্রোল এবং ডিজেল এতটাই মজুত আছে যে, এখন বাড়তি তেল রাখার আর জায়গা নেই। মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ বলেন, আগামী দুই মাসেরও বেশি সময়ের তেল মজুত আছে। এর পরের সময়ের জন্যও তেল আমদানির ব্যবস্থা সরকার রেখেছে। সরকার এসব পদক্ষেপের কথা বলার পরও তেলের পাম্পগুলোয় মানুষের অপেক্ষার লাইন কমছে না। আর সেখানেই প্রশ্ন উঠছে, মানুষ কেন আশ্বস্ত হতে পারছে না, 'প্যানিক বায়িং' থামানো যাচ্ছে না কেন? বিশ্লেষকেরা মনে করেন, পেট্রোল পাম্পগুলোয় মানুষের অপেক্ষার মুখে কখনও রেশনিং চালু করা, কখনও সরবরাহ কমিয়ে বা বাড়িয়ে দেওয়া-সরকারের এ ধরনের পদক্ষেপের ক্ষেত্রে এক ধরনের অস্থিরতা প্রকাশ পেয়েছে। এছাড়া এক শ্রেণির অসাধু বা কালোবাজারি চক্রও পেট্রোল পাম্প থেকে বারবার তেল নেওয়ার সুযোগ পেয়েছে।

মন্ত্রী ইকবাল হাসান মাহমুদও বলেছেন, একটি অসাধু চক্র বিভিন্ন পাম্প থেকে ঘুরে ঘুরে তেল সংগ্রহ করে তা কালোবাজারে বিক্রি করেছে। এমন চক্রের বিরুদ্ধে অভিযান চালিয়ে বিভিন্ন জায়গা থেকে হাজার হাজার লিটার তেল উদ্ধারের কথাও বলা হচ্ছে সরকারের পক্ষ থেকে। কিন্তু পাম্পগুলোতে এ ধরনের চক্রকে ধরতে কার্যকর কোনো পদক্ষেপ দৃশ্যমান হয়নি। তেল বিক্রিতে নজরদারিটা সেভাবে করতে পারেনি সরকার। সাংবাদিক অরুণ কর্মকার জ্বালানি খাত নিয়ে কাজ করেন। তিনি বিবিসি বাংলাকে বলেন, কিছু অব্যবস্থাপনা, মানুষের প্যানিক বায়িং এবং কালোবাজারি চক্রের তৎপরতা-মোটদাগে এই তিনটি কারণে পরিস্থিতি জটিল থেকে জটিল হয়েছে। মানুষের তেল সংগ্রহ করতে যখন ভোগান্তি পোহাতে হচ্ছে, তখন অকটেন, পেট্রোল, কেরোসিন এবং ডিজেল-সব ধরনের জ্বালানি তেলের দাম বাড়ানো হয়েছে। এ নিয়েও সমালোচনা চলছে। কারণ এর প্রভাবে গণপরিবহণে যাত্রীবাহী বাসের ভাড়া কিলোমিটার প্রতি ১১ পয়সা বাড়ানো হয়েছে। বিশ্লেষকেরা বলছেন, জ্বালানি সংকটের বিস্তৃতি ঘটছে বিভিন্ন খাতে। বিদ্যুতের সংকটও এখন বাড়ছে।

**ফিরে এসেছে লোডশেডিং**

বিদ্যুৎ মন্ত্রণালয় বৃহস্পতিবার যে হিসাব দিয়েছে, তাতে দেখা যায়, বৃহস্পতিবারই বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি ছিল প্রায় ৩০০০ মেগাওয়াট। সে দিনই রাজধানী ঢাকাতেও প্রায় ১১০ মেগাওয়াট লোডশেডিং করতে হয়েছে। সরকারি হিসাবে বৃহস্পতিবার বিদ্যুতের চাহিদা ছিল ১৭ হাজার মেগাওয়াট। সেখানে উৎপাদন হয় ১৪ হাজার মেগাওয়াট। গত কয়েকদিন ধরেই ঢাকার বাইরে জেলায়-উপজেলায় এমনকি গ্রাম পর্যায়ে বেশি লোডশেডিং করা হচ্ছে। কোনো কোনো অঞ্চলে টানা সাত-আট ঘণ্টা পর্যন্ত লোডশেডিং করা হচ্ছে। কারণ গ্যাস ও তেল সংকটের কারণে অনেক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র বন্ধ হয়ে রয়েছে। সরকারি তথ্য অনুযায়ী, দেশে মোট বিদ্যুৎকেন্দ্র ১৩৬টি। এর মধ্যে গ্যাস স্বল্পতায় ১৩টি, জ্বালানি তেল না থাকায় ৯টি ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য আটটি বিদ্যুৎকেন্দ্র বন্ধ আছে। ডিজেলচালিত পাঁচটি বিদ্যুৎকেন্দ্রেও উৎপাদন বন্ধ রয়েছে। জ্বালানি ও বিদ্যুৎ মন্ত্রী জানাচ্ছেন, পরিস্থিতি মোকাবিলায় ফার্নেস তেলচালিত কেন্দ্র থেকে বিদ্যুৎ উৎপাদন বাড়ানো হচ্ছে। ডিজেলচালিত কেন্দ্রগুলোও চালু করা হচ্ছে। এখন একদিকে শুষ্ক মৌসুম, অন্যদিকে বোরো আবাদে সেচের জন্য গ্রামাঞ্চলে বিদ্যুতের চাহিদা বেশি। কিন্তু বিদ্যুতের অভাব ও ডিজেল পেতে সমস্যা, ফলে সেচের ঘাটতি ক্ষতির মুখে পড়েছে বোরো আবাদ। এতে কৃষকরা ক্ষতিগ্রস্ত হবেন। এর ধাক্কা গিয়ে পড়বে দ্রব্যমূল্যে ও মানুষের আয়ে। এখনই নিত্যপণ্যের বাজার অস্থির হচ্ছে। মানুষের দৈনন্দিন জীবনে নানামুখী চাপ বাড়ছে।

**চাপ বাড়ছে অর্থনীতিতে**

জ্বালানি তেল এ পর্যন্ত যা মজুত করা হয়েছে, সেজন্য বিকল্প বিভিন্ন উপায়ে, এমনকি আন্তর্জাতিক খোলা বাজার থেকেও উচ্চমূল্যে তেল আমদানি করা হয়েছে। সরকারি সূত্রগুলো বলছে, ইরান যুদ্ধের কারণে উচ্চ দামে তেল কিনতে বাংলাদেশকে বাড়তি ৩৭ হাজার কোটি টাকা গুণতে হচ্ছে। এটি অর্থনীতির ওপর বড়ো চাপ তৈরি করবে বলে অর্থনীতিবিদেরা বলছেন। এই চাপ সামলাতে সরকার বিশ্বব্যাংকের কাছে বড়ো অঙ্কের ঋণসহায়তা চাইছে। অর্থনীতিবিদেরা মনে করেন, জ্বালানি থেকে বিদ্যুৎ সংকট যদি আরও ঘনীভূত হয়, দ্রব্যমূল্য বৃদ্ধির প্রভাবে যদি মানুষের জীবনযাত্রার ব্যয় আরও বেড়ে যায়, সেটা উদ্বেগজনক পরিস্থিতি তৈরি করতে পারে। সেজন্য সরকারের দৃশ্যমান পরিকল্পনা নেই। বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সিপিডির খন্দকার গোলাম মোয়াজ্জেম বিবিসি বাংলাকে বলেন, ইরান যুদ্ধ আরও দীর্ঘ হলে অর্থনৈতিক চাপ আরও বাড়বে। সে কারণে নবায়নযোগ্য জ্বালানির ব্যবস্থা করাসহ বিকল্প বিভিন্ন উপায় বিবেচনা করা প্রয়োজন। সংকট সামলাতে অব্যবস্থাপনা বা কোনো পরিকল্পনা না থাকার কথা স্বীকার করছে না সরকার। অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, দারিদ্র্যসীমার নিচে নামার সংখ্যা যাতে না বাড়ে, সেজন্য বিএনপি সরকার তাদের নির্বাচনি প্রতিশ্রুতি অনুযায়ী ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড-এ ধরনের সামাজিক নিরাপত্তার কর্মসূচিগুলো শুরু করেছে। অবশ্য জ্বালানি তেলের সংকটের মাসখানেক সময় পর এসে সরকার একটি সংসদীয় কমিটি গঠন করেছে, যে কমিটি সংকট মোকাবিলা করার জন্য করণীয় সম্পর্কে সুপারিশ করবে।

প্রধানমন্ত্রী তারেক রহমান গত বৃহস্পতিবার সংসদে সরকারি ও বিরোধীদলের সদস্যদের নিয়ে এই সংসদীয় কমিটি গঠনের প্রস্তাব করেন। তাতে অংশ নিচ্ছে জামায়াতে ইসলামীর নেতৃত্বে বিরোধী জোট। এখন আসলে পরিস্থিতি পর্যালোচনা করে সরকারের পরিকল্পনা দ্রুত দৃশ্যমান করা প্রয়োজন বলে অর্থনীতিবিদেরা মনে করছেন। তারা বলছেন, দ্রুত কার্যকর পরিকল্পনা গ্রহণ করে তা বাস্তবায়নের পদক্ষেপ নেওয়া না হলে সংকট আরও বাড়বে, এর বিস্তৃতি ঘটতে থাকবে। (বিবিসি ওয়েব পেজ : ২৬.০৪.২০২৬ আলী আহমেদ)

## হঠাৎ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ছাত্রদল-শিবিরের মধ্যে অস্থিরতা, নেপথ্যে কী?

গত কয়েকদিন ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বাংলাদেশের কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষমতাসীন ছাত্র সংগঠন ছাত্রদল ও ইসলামী ছাত্র শিবিরের মধ্যে হামলা, সংঘর্ষ ও অস্থিরতা দেখা যাচ্ছে। সর্বশেষ গত বৃহস্পতিবারও ঢাকা বিশ্ববিদ্যালয় সংলগ্ন শাহবাগ থানার ভেতরেও সংঘর্ষে জড়িয়েছে এই দুইটি ছাত্র সংগঠন। এ সময় ক্ষমতাসীন ছাত্র সংগঠনের হাতে মারধরের শিকার হয়েছেন শিবির সমর্থিত ডাকসুর কয়েকজন নেতাও। ওই ঘটনার সংবাদ সংগ্রহ করতে গিয়ে হামলার শিকার হয়েছেন বেশ কয়েকজন বিশ্ববিদ্যালয় সাংবাদিকও। এর মাত্র দুইদিন আগে গত মঙ্গলবার চট্টগ্রামে একটি কলেজে শিবিরকে ইঙ্গিত করে একটি গ্রাফিতিতে ছাত্রদলের 'গুপ্ত' শব্দ লেখা নিয়ে এই দুইটি দলের মধ্যে সংঘর্ষে বেশ কয়েকজন আহতও হয়েছে। এর বাইরেও গত কয়েকদিনে দেশের বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদল-শিবিরের মধ্যে নানা ইস্যুতে অস্থিরতা দেখা দিয়েছে। এর ফলে দীর্ঘদিন পরে আবার অস্থির হয়ে উঠছে শিক্ষা প্রতিষ্ঠানগুলো। উভয় সংগঠনই একে অপরের বিরুদ্ধে অপপ্রচার চালানো এবং বিভিন্ন কৌশলে ক্যাম্পাস ও শিক্ষা প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ নেওয়ার চেষ্টার অভিযোগ করছে। ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব বিবিসি বাংলাকে বলেছেন, মূলত ছাত্র শিবির সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে নানা অপপ্রচার চালাচ্ছে এবং নানা কৌশলে ক্যাম্পাসগুলো নিয়ন্ত্রণের চেষ্টা চালানোর কারণেই এই সংকট তৈরি হয়েছে। অবশ্যই এই অভিযোগ অস্বীকার করে শিবিরের সভাপতি নূরুল ইসলাম বলেছেন, বিএনপি সরকার গঠনের পর ছাত্রদল এখন ক্যাম্পাসগুলোরও নিয়ন্ত্রণ নিতে চাইছে। যে কারণে তারা শিবিরের সাথে পায়ে পাড়া দিয়ে ঝগড়া করার চেষ্টা করছে। ক্যাম্পাসগুলোর এই পরিস্থিতি নিয়ে কথার লড়াই গড়িয়েছে

জাতীয় সংসদেও। মঙ্গলবার বিরোধী দলীয় সংসদ সদস্য হাসনাত আব্দুল্লাহ সংসদে অভিযোগ করেছেন, ক্যাম্পাসগুলোতে আবারও গণরুম-গেস্টরুম কালচার ফিরিয়ে আনার চেষ্টা চলছে, যে কারণে অস্থিতিশীল হয়ে উঠছে ক্যাম্পাসগুলো। রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, নতুন সরকার আসার পর একদল আধিপত্য ধরে রাখতে চাইছে, অন্যদল আধিপত্য ফিরে পেতে লড়াই করছে, যে কারণেই এই সংকট তৈরি হয়েছে।

**আধিপত্য ও নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা**

২০০৯ সালে আওয়ামী লীগ সরকার গঠনের পর দেশের বিশ্ববিদ্যালয়, কলেজসহ বিভিন্ন প্রতিষ্ঠানে একচ্ছত্র নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেছিল ছাত্রলীগ। আবাসিক হলগুলোতে 'গণরুম ও গেস্টরুম কালচার' প্রতিষ্ঠা করে ক্যাম্পাস নিয়ন্ত্রণের অভিযোগ ছিল ছাত্রলীগের বিরুদ্ধে। ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকারের পতনের পর ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কৌশলে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার অভিযোগও সামনে এসেছে। অনেক প্রতিষ্ঠানে এতদিন গোপনে থাকা কমিটিও প্রকাশ্যে আসতে শুরু করে। তখন জানা যায়, এতদিন ছাত্র শিবিরের অনেক নেতা-কর্মী ছাত্রলীগসহ অন্যান্য দলের ভেতরে গোপনে অবস্থান নিয়েছিলেন। এর ধারাবাহিকতায় অন্তর্বর্তীকালীন সরকারের সময় অনুষ্ঠিত ঢাকা, জাহাঙ্গীরনগর, রাজশাহী, চট্টগ্রাম ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচনেও শিবির সমর্থিত প্যানেল নিরঙ্কুশ জয় পাওয়ার পর ক্যাম্পাসগুলোতে অনেকটা আধিপত্য প্রতিষ্ঠার চেষ্টা করেছিল ছাত্র শিবির। গত ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচনে বিএনপি সরকার গঠনের পরও ক্যাম্পাসগুলোতে বড়ো কোনো পরিবর্তন আসেনি ছাত্র রাজনীতির বলয়ে। গত মঙ্গলবার চট্টগ্রামে একটি কলেজে গ্রাফিতিতে 'গুপ্ত' শব্দ লেখা নিয়ে মঙ্গলবার ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষের ধারাবাহিকতায় ঢাকা বিশ্ববিদ্যালয়সহ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে দুইটি ছাত্র সংগঠনের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বিবিসি বাংলাকে বলেন, "নির্বাচনের পর সরকারে আসছে বিএনপি। কিন্তু শিক্ষা প্রতিষ্ঠানে প্রধান দল ছাত্র শিবির। এখন শিবিরের বদলে ছাত্রদল প্রভাব বিস্তার করতে চাচ্ছে। এই নিয়ে তাদের মধ্যে সংঘর্ষ হচ্ছে কোথাও কোথাও।„

যদিও এই দাবি খারিজ করে দিয়েছে ছাত্রদল। সংগঠনটির সভাপতি রাকিবুল ইসলাম রাকিব বিবিসি বাংলাকে বলছেন, "তাহলে এটা স্পষ্ট যে, ৫ আগস্টের পর শিবির ক্যাম্পাসগুলো দখল করেছে, হলগুলোও দখলে রেখেছে, অথচ শিবির বলে তাদের হলে কার্যক্রম নেই, কমিটি নেই। যদি না-ই থাকে, তাহলে ৬ আগস্ট থেকে ক্যাম্পাস আর হলগুলো কারা দখল করলো। তারা সব কিছু দখলে রাখার পরও তারা সেটি স্বীকার করছে না।„ এই প্রশ্নে শিবিরের সেক্রেটারি সিগবাতুল্লাহ বিবিসি বাংলাকে বলেছেন, জুলাই বিপ্লবের পর ক্যাম্পাস ও হলগুলো থেকে যে গণরুম, গেস্টরুম কালচার বিদায় করেছিল 'সাধারণ শিক্ষার্থীরা' সেটি ফিরিয়ে আনতে চায় বলেই এই সংকট তৈরি হয়েছে।

**সাধারণ শিক্ষার্থীর ধারণা নিয়ে প্রশ্ন**

বাংলাদেশে এর আগে, বিভিন্ন সময় ক্ষমতাসীন দলের অঙ্গ বা সহযোগী ছাত্রসংগঠনের বিরুদ্ধে ক্যাম্পাস ও হল দখল করার নানা অভিযোগ ছিল। আবার কোনো কোনো বিশ্ববিদ্যালয়ে ক্ষমতাসীন দলের বাইরে থাকা সংগঠনেরও হল দখল করার উদাহরণ আছে। তবে, চব্বিশের গণ-অভ্যুত্থানের পর নতুন সরকার গঠন হলেও ক্যাম্পাসগুলোতে একটি আমূল পরিবর্তন লক্ষ্য করা গেছে। ক্ষমতাসীন দলের ছাত্রসংগঠন বিভিন্ন ক্যাম্পাসের আবাসিক হলগুলোতে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেনি। ছাত্রদলসহ কোনো কোনো ছাত্র সংগঠন আগে থেকেই অভিযোগ করে আসছিল যে, ক্যাম্পাস ও হলগুলোতে সাধারণ শিক্ষার্থীদের পেছন থেকে নিয়ন্ত্রণ করছে ছাত্র শিবির, যে বিষয়টি কখনও প্রকাশ্যে আসছে না। ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি রাকিবুল ইসলাম রাকিব বিবিসি বাংলাকে বলেন, "শুধু আবাসিক হল না, গত দেড় দুই বছরে আমরা দেখেছি, ঐতিহ্যবাহী ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতিসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের নানা সামাজিক, সাংস্কৃতিক সংগঠনগুলোতেও তারা সাধারণ শিক্ষার্থীর ব্যানারে ঢুকে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেছে। যে কারণে সেই সংগঠনগুলোও নিজেদের মতো সিদ্ধান্ত নিতে পারছে না।„ রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, চব্বিশের গণ-অভ্যুত্থানের পর ক্যাম্পাসগুলোতে যেই 'সাধারণ শিক্ষার্থী' শব্দটা সামনে আসছে, সেই সাধারণ শিক্ষার্থী নিয়েও নানা প্রশ্ন উঠেছে বিভিন্ন সময়ে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রাশেদা রওনক খান বিবিসি বাংলাকে বলেন, "চব্বিশের ৫ আগস্টের পর ক্যাম্পাসগুলো এক ধরনের পরিবর্তন এসেছে। সেখানে ছাত্ররা চেয়েছে যে, ক্যাম্পাসের "সাধারণ শিক্ষার্থীরা„ কোনো দলের ব্যানারে থাকবে না। কিন্তু সেটা করতে গিয়ে সাধারণ-এর সংজ্ঞা নিয়ে একটা প্রশ্ন উঠছে।„ "কেননা আমরা দেখেছি, "সাধারণ ছাত্রছাত্রীদের„ ব্যানারে একটা দল প্রভাব খাটাতে শুরু করলো। সেখানে স্বাভাবিকভাবে সরকার গঠনের পর সরকারদলীয় ছাত্র সংগঠন এই জায়গাটাকে প্রশ্নের মধ্যে ফেলেছে। এই প্রশ্নের মধ্যে ফেলে দেওয়াকে কেন্দ্র করেই ক্যাম্পাসগুলোতে এক ধরনের অস্থিরতা বা কিছুটা টানাপড়েন শুরু হয়েছে,„ যোগ করেন তিনি। তবে এই অভিযোগ অস্বীকার করে ছাত্র শিবিরের সভাপতি নুরুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "ছাত্রদলের এমন অনেকে আছে, তাদের পড়াশোনা শেষ হয়েছে দশ বছর আগে, তাদের অনেকে দলীয় পরিচয় ব্যবহার করে হলগুলোতে থাকতে চায়। সেটাতে 'সাধারণ শিক্ষার্থীরা' বাধা দিলেই তারা ক্ষেপে যাচ্ছে। শিবিরের ওপর দায় চাপাচ্ছে।„

**সামাজিক যোগাযোগমাধ্যম 'বাগযুদ্ধ'**

গত বৃহস্পতিবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় সংলগ্ন শাহবাগে ছাত্রদল ও ছাত্র শিবিরের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ ও শিবিরের কয়েকজন নেতা আহত হন। এই সময় সাংবাদিকদের ওপর হামলার ঘটনাও ঘটে। মূলত সামাজিক যোগাযোগমাধ্যমে প্রধানমন্ত্রী তারেক রহমানের মেয়ে জাইমা রহমানকে নিয়ে একটি আপত্তিকর ফটোকার্ডকে কেন্দ্র করেই এই সংকট তৈরি হয়। এতে ক্ষুব্ধ হয়ে ছাত্রদলের নেতা-কর্মীরা শিবিরের নেতাকর্মীদের মারধর করে। যদিও, ফ্যাক্ট চেকিংয়ে পরবর্তীতে সেই ফটোকার্ডটি ভুয়া প্রমাণিত হওয়ার পর দুইটি ছাত্র সংগঠনের শীর্ষ নেতারা আলোচনা করে সংঘাত নিয়ন্ত্রণে আনে। ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব বিবিসি বাংলাকে বলেন, "চব্বিশের ৫ আগস্টের পরও তারা গুপ্ত অবস্থায় থেকে সোশ্যাল মিডিয়া নিয়ন্ত্রণে রাখছে। বিভিন্ন আইডি ও পেজ থেকে বিএনপি ও ছাত্রদল নিয়ে নানা ধরনের প্রোপাগান্ডা ছড়াচ্ছে, এই বিষয়গুলো ছাত্রদলের নেতা-কর্মীদের মাঝে নেতিবাচক প্রভাব ফেলেছে। কোথাও কোথাও তারা প্রতিক্রিয়া দেখিয়েছে।" ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই ইস্যু ছাড়াও, সাম্প্রতিক সামাজিক যোগাযোগ মাধ্যমেও বিভিন্ন ইস্যুতে এই দুইটি ছাত্র সংগঠনের মধ্যে নানা নেতিবাচক প্রচারণার বিষয়গুলো সামনে আসছে।

ছাত্র শিবিরের সভাপতি নূরুল ইসলাম বলেন, "তারা যে মিথ্যা অভিযোগে হামলা করেছে, সেটা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইস্যুতে প্রমাণিত। আমরা সামাজিক যোগাযোগ মাধ্যমে ভিকটিম হচ্ছি, আমরা সেটি নিয়ে মামলা করতে চাইলে, অভিযোগ দিতে চাইলে থানা পুলিশও সরকারের ইশারায় সেটি গ্রহণ করছে না।" রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, শিক্ষাঙ্গণ শান্ত রাখতে এমন পরিস্থিতিতে প্রশাসন ও সরকারের এ নিয়ে যথাযথ উদ্যোগ নেওয়া উচিত। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বিবিসি বাংলাকে বলেন, "ছাত্র সংগঠনগুলো যতদিন রাজনৈতিক দলের অঙ্গ সংগঠন হিসেবে থাকবে, ততদিন এগুলো হতে থাকবে।" (বিবিসি ওয়েব পেজ : ২৬.০৪.২০২৬ নারগীস)

## ইরান যুদ্ধের সঙ্গে এই হামলার সম্পর্ক আছে বলে মনে হচ্ছে না : ট্রাম্প

হোয়াইট হাউজ করেসপনডেন্টস অ্যাসোসিয়েশনের নৈশভোজে গুলির ঘটনা, ইরান যুদ্ধে জয়ী হওয়া থেকে থামাতে পারবে না বলে মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ওয়াশিংটনের হিলটন হোটেলে শনিবার দিবাগত রাতে এই গুলির ঘটনা ঘটে। এরই মধ্যে অভিযুক্ত ব্যক্তিকে আটক করেছে পুলিশ। এই ঘটনার পর এক সংবাদ সম্মেলনে ওই কথা বলেন প্রেসিডেন্ট ট্রাম্প। তিনি সাংবাদিকদের নানা প্রশ্নেরও জবাব দেন। এই হামলার সাথে জড়িত ব্যক্তিকে একজন `লোন উলফ বা একক হামলাকারী, বলে অভিহিত করেছেন প্রেসিডেন্ট ট্রাম্প। তিনি বলেন, "আমি মনে করি, তদন্তকারীরা তাকে একজন একক হামলাকারী হিসেবেই দেখছেন এবং আমারও তাই মনে হয়।" প্রেসিডেন্ট ট্রাম্প তার নিজের নিরাপত্তা এবং এই ঘটনার সাথে ইরানের যুদ্ধের কোনো সম্পর্ক আছে কি না একজন সাংবাদিকের এমন প্রশ্নে জবাবে প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, "আমি তেমনটা মনে করি না, তবে নিশ্চিত করে বলা যায় না। খুব শীঘ্রই আমরা আরো তথ্য জানতে পারব। বিশ্বের সেরা কর্মী রয়েছে আমাদের এবং তারা এই বিষয়টি নিয়ে কাজ করছেন।" ইরান প্রসঙ্গে ট্রাম্প বলেন, "আমাদের ইরানের বিরুদ্ধে ব্যবস্থা নিতেই হবে, না হলে তারা পারমাণবিক অস্ত্র তৈরি করে ফেলবে। আমরা বি-২ বোমারু বিমান দিয়ে ব্যবস্থা নিয়েছি। আমি আমার প্রথম মেয়াদে ওবামা আমলের ইরান পারমাণবিক চুক্তি বাতিল করেছিলাম, যেটা ছিল একটা বিপর্যয়কর চুক্তি এবং তাদের পারমাণবিক অস্ত্র পাওয়ার পথ তৈরি করে দিচ্ছিল। তারা অবশ্যই সেই অস্ত্র ব্যবহার করত।" "আপনি যখন এই ধরনের পদক্ষেপ নেবেন, তখন আপনি নিজেও লক্ষ্যবস্তু হয়ে উঠবেন। আমি যদি এসব না করতাম, তবে হয়ত আমি লক্ষ্যবস্তু কম হতাম। কিন্তু আমি যা করছি, তার জন্য আমি গর্বিত," বলেন তিনি। নিজের মানসিক অবস্থা নিয়ে তিনি বলেন, "এমন পরিস্থিতিতে অনেকে হতাশ হয়ে পড়েন বলে শোনা যায়, কিন্তু সত্যি বলতে আমি তেমন নই। এই ঘটনা আমাকে ইরানের বিরুদ্ধে যুদ্ধে জয়ী হওয়া থেকে থামাতে পারবে না।" "আমাদের কাছে থাকা তথ্য অনুযায়ী, এই ঘটনার সাথে অন্য কিছুর সরাসরি সংযোগ নেই বলেই আমি মনে করি। আমরা আমাদের কাজ চালিয়ে যাব," জানান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।(বিবিসি ওয়েব পেজ: ২৬.০৪.২০২৬ এলিনা)

## হোয়াইট হাউজ করেসপনডেন্টস ডিনারে গুলির ঘটনায় প্রতিক্রিয়া জানিয়েছেন বিশ্ব নেতারা

হোয়াইট হাউজ করেসপনডেন্টস ডিনারে সোমবার রাতে গুলির ঘটনায় প্রতিক্রিয়া জানিয়েছেন বিশ্ব নেতারা। কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ট্রাম্প, ফার্স্ট লেডি এবং উপস্থিত সবাই নিরাপদ থাকায় `স্বস্তি, প্রকাশ করেছেন। তিনি বলেন, "এই বিরক্তিকর ঘটনায় যারা আতঙ্কিত হয়েছেন, তাদের প্রতি আমার সমবেদনা রইল।" অন্যদিকে, সবাই নিরাপদ থাকার খবরে সন্তোষ প্রকাশ করেছেন অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজ। তিনি বলেন, "আমরা সিক্রেট সার্ভিস এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলোর কাজের প্রশংসা করি।" যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট, ফার্স্ট লেডি এবং উপস্থিত সবার প্রতি সমর্থন জানিয়েছেন ইউরোপীয় ইউনিয়নের শীর্ষ কূটনীতিক কাজা কালাস। তিনি বলেন, "গণতন্ত্রে রাজনৈতিক সহিংসতার কোনো স্থান নেই।" ভেনেজুয়েলার ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ডেলসি রদ্রিগেজ এই "হামলার চেষ্টার তীব্র নিন্দা" জানিয়ে ওই অনুষ্ঠানে উপস্থিত সবার মঙ্গল কামনা করেন। হোয়াইট হাউজ

করেসপনডেন্টদের নৈশভোজে এমন গুলির ঘটনায় "গভীরভাবে স্তম্ভিত„ পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ট্রাম্পের জন্য "দোয়া ও শুভকামনা„ জানিয়েছেন তিনি। অন্যদিকে ডোনাল্ড ট্রাম্প, ফার্স্ট লেডি এবং ভাইস-প্রেসিডেন্টের "নিরাপত্তা ও সুস্বাস্থ্য কামনা করে„ শুভেচ্ছা পাঠিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। "আমরা শ্রদ্ধা জানাই„ উল্লেখ করে মেক্সিকোর প্রেসিডেন্ট ক্লডিয়া শেইনবাউম বলেছেন, "সহিংসতা কখনোই কোনো পথ হতে পারে না।„(বিবিসি ওয়েব পেজ: ২৬.০৪.২০২৬ এলিনা)

## সন্দেহভাজন ব্যক্তি 'প্রশাসনিক কর্মকর্তাদের' লক্ষ্যবস্তু করেছিল : ভারপ্রাপ্ত অ্যাটর্নি জেনারেল

যুক্তরাষ্ট্রের ভারপ্রাপ্ত অ্যাটর্নি জেনারেল টড ব্লানচে বলেছেন, সন্দেহভাজন হামলাকারীর উদ্দেশ্য এখনো তদন্তাধীন রয়েছে। তবে ˋপ্রাথমিক, তথ্য অনুযায়ী, প্রশাসনের কর্মকর্তাদের লক্ষ্যবস্তু করেছিলেন তিনি। যার মধ্যে "সম্ভবত„ প্রেসিডেন্টও ছিলেন। এনবিসি টেলিভিশনের মিট দ্য প্রেস অনুষ্ঠানে তিনি বলেন, অভিযুক্ত ব্যক্তি হোটেলের ভেতরেই অস্ত্রটি তৈরি করেছিলেন কি না, তা খতিয়ে দেখছেন তদন্তকারীরা। তিনি আরো জানান, "খুব বেশি দূর এগোতে পারেননি„ সন্দেহভাজন ব্যক্তি। "হোটেলের সীমানা খুব একটা অতিক্রম করতে পারেননি তিনি,„ বলেন ব্লানচে। তিনি আরো জানান, সন্দেহভাজন ব্যক্তি সম্ভবত লস অ্যাঞ্জেলেস থেকে শিকাগো এবং তারপর ট্রেনে করে ওয়াশিংটন ডিসিতে গিয়েছিলেন। গুলির ঘটনায় সন্দেহভাজন ব্যক্তির বিরুদ্ধে সোমবার আনুষ্ঠানিকভাবে অভিযোগ আনা হবে বলে নিশ্চিত করেছেন যুক্তরাষ্ট্রের ভারপ্রাপ্ত অ্যাটর্নি জেনারেল টড ব্লানচে। (বিবিসিঃ ওয়েব পেজ: ২৬.০৪.২০২৬ রুবাইয়া)

## লেবাননে যুদ্ধবিরতি চুক্তি ˋলঙ্ঘন করছে, হিজবুল্লাহ : নেতানিয়াহু

হিজবুল্লাহর বিরুদ্ধে ইসরায়েল ও লেবাননের মধ্যকার যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘনের অভিযোগ তুলেছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। সাপ্তাহিক মন্ত্রিসভার বৈঠকে তিনি বলেন, "এটা বুঝতে হবে যে, হিজবুল্লাহর এই কর্মকাণ্ড কার্যত যুদ্ধবিরতি চুক্তিকে অমান্য করছে।„ রোববার ইসরায়েলি সামরিক বাহিনী দক্ষিণ লেবাননের সাতটি গ্রামের বাসিন্দাদের এলাকা ছেড়ে যাওয়ার নির্দেশ দিয়েছে। তারা জানিয়েছে, হিজবুল্লাহ দুই দেশের মধ্যে সাম্প্রতিক যুদ্ধবিরতি চুক্তি ˋলঙ্ঘন, করায় তারা এর পাল্টা জবাব দেবে। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ ইসরায়েলি সেনাবাহিনীর মুখপাত্র বলেছেন, "হিজবুল্লাহর যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘনের পরিপ্রেক্ষিতে ইসরায়েলি সেনাবাহিনী তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে বাধ্য হচ্ছে।„(বিবিসিঃ ওয়েব পেজ: ২৬.০৪.২০২৬ রুবাইয়া)

# এনএইচকে

## ইরানের পররাষ্ট্রমন্ত্রীর পাকিস্তান ত্যাগ, ভ্রমণ বাতিল মার্কিন প্রতিনিধিদলের

শনিবার প্রধানমন্ত্রী শাহবাজ শরিফসহ পাকিস্তানি কর্মকর্তাদের সঙ্গে বৈঠক শেষে ইসলামাবাদ ত্যাগ করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। দিনের পরেরভাগে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও তার দূত স্টিভ উইটকফ এবং জ্যারেড কুশনারের পাকিস্তান সফর বাতিল করেন। শুক্রবার মার্কিন প্রেস সচিব ক্যারোলাইন লেভিট জানান, ইরানের সঙ্গে সংঘাত নিয়ে আলোচনার জন্য শনিবার তাদের সেখানে যাওয়ার কথা ছিল। ইসলামাবাদ সফরকালে, আরাঘচি পাকিস্তানি সেনাপ্রধান ও শীর্ষ মধ্যস্থতাকারী আসিম মুনিরের সঙ্গেও সাক্ষাৎ করেন। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় সামাজিক যোগাযোগ মাধ্যমে জানিয়েছে যে, "আমাদের অঞ্চলে শান্তি ফিরিয়ে আনার ভ্রাতৃত্বপূর্ণ প্রচেষ্টার" জন্য পাকিস্তানি কর্মকর্তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন আরাঘচি। তিনি চলমান সংঘাতের অবসানের বিষয়ে ইরানের মতামতও অবহিত করেছেন। মন্ত্রণালয় জানিয়েছে, আলোচনার পর আরাঘচি ওমানের উদ্দেশ্যে রওনা হন। আরাঘচি সামাজিক যোগাযোগ মাধ্যমে লিখেছেন যে, তিনি "ইরানের বিরুদ্ধে যুদ্ধ স্থায়ীভাবে শেষ করার একটি কার্যকর কাঠামোর বিষয়ে ইরানের অবস্থান তুলে ধরেছেন।" পররাষ্ট্রমন্ত্রী এও বলেন যে,"যুক্তরাষ্ট্র কূটনীতি নিয়ে সত্যিই আন্তরিক কি না, তা এখনও দেখার অপেক্ষায় আছেন তিনি"। সেদিন পরে ট্রাম্প সামাজিক যোগাযোগ মাধ্যমে লেখেন, "আমি এইমাত্র আমার প্রতিনিধিদের পাকিস্তানের ইসলামাবাদে ইরানিদের সঙ্গে বৈঠকের সফর বাতিল করেছি। ভ্রমণে অনেক বেশি সময় নষ্ট হয়েছে, অনেক বেশি কাজ!" ট্রাম্প আরও বলেন, "তাছাড়া, আমাদের হাতে সব কার্ডই রয়েছে, ওদের হাতে কিছুই নেই! ওরা যদি কথা বলতে চায়, তাহলে শুধু একটা ফোন করলেই হবে!!!" এই বাতিলের অর্থ আবার যুদ্ধের শুরু কিনা, মার্কিন সংবাদমাধ্যম অ্যাক্সিওসের এরকম প্রশ্নের জবাবে ট্রাম্প বলেন, "না। এর মানে তা নয়। আমরা এখনো এটি নিয়ে ভাবিনি।" (এনএইচকে ওয়েব পেজ: ২৬.০৪.২০২৬ রুবাইয়া)

# ডয়চে ভেলে

## বাংলাদেশি ২ শিক্ষার্থী হত্যা ও নিখোঁজ : আদালতে সন্দেহভাজন

যুক্তরাষ্ট্রে বাংলাদেশি দুই শিক্ষার্থী হত্যায় জড়িত সন্দেহে আটক ব্যক্তিকে আদালতে হাজির করা হয়েছে। তার বিরুদ্ধে হত্যার অভিযোগ গঠন করা হয়েছে। এদিকে নিখোঁজ শিক্ষার্থী বৃষ্টির মরদেহের এখনও কোনো খোঁজ মেলেনি। আটক ব্যক্তিকে শনিবার ফ্লোরিডার ট্যাম্পার আদালতে হাজির করা হয়। তার বিরুদ্ধে হত্যার অভিযোগ এনেছেন তদন্তকারীরা। এই ব্যক্তি নিহত শিক্ষার্থী জামিল আহমেদ লিমনের রুমমেট ছিলেন বলে জানা গেছে। ২৬ বছর বয়সি আটক ব্যক্তির

বিরুদ্ধে হত্যার দুইটি অভিযোগ আনা হয়েছে। বিচারক তাকে আটক রাখার নির্দেশ দেন। এর আগে, শুক্রবার তাকে আটক করে যুক্তরাষ্ট্রের সোয়াট বাহিনী। হিলসবরো কাউন্টি শেরিফের দপ্তরের কর্মকর্তা জোসেফ মোরার শুক্রবার সাংবাদিকদের বলেন, "আমি গভীর মর্মাহত হয়ে ঘোষণা করছি যে, আজ সকালে হাওয়ার্ড ফ্র্যাঙ্কলিন ব্রিজ থেকে মানবদেহের অবশেষ উদ্ধার করা হয়েছে। অল্প কিছুক্ষণ আগে সেই দেহাবশেষটি জামিল (লিমন)-এর বলে শনাক্ত করা হয়েছে। আমরা আজ এই পর্যায়ে কীভাবে এলাম? আমাদের কাছে একজন সন্দেহভাজন হেফাজতে রয়েছে। সন্দেহভাজন ব্যক্তি এখানে জন্মগ্রহণ করেছেন, তিনি একজন মার্কিন নাগরিক। বিষয়টি আমরা এখনো যাচাই করে দেখছি। প্রশ্ন হলো, "এর পেছনে উদ্দেশ্য কী?„ সেটিও আমরা এখনও অনুসন্ধান করছি। তদন্ত এখনো চলমান। ১৭ এপ্রিল যুক্তরাষ্ট্রে নিখোঁজ হন ইউনিভার্সিটি অব সাউথ ফ্লোরিডার বাংলাদেশি শিক্ষার্থী জামিল আহমেদ লিমন ও নাহিদা সুলতানা বৃষ্টি। শুক্রবার লিমনের দেহাবশেষ উদ্ধার করা হলেও, বৃষ্টি এখনও নিখোঁজ রয়েছেন। জোসেফ মোরার বলেন, "আমরা এখনও নাহিদাকে খুঁজছি। আমি আবারও কমিউনিটির প্রতি অনুরোধ জানাচ্ছি, যদি কারও কাছে কোনো তথ্য থাকে বা তাকে শেষ কোথায় দেখা গেছে, সে বিষয়ে কিছু জানা থাকে, তাহলে দ্রুত হিলসবরো কাউন্টি শেরিফ অফিসকে জানান, যাতে আমরা তাকে খুঁজে পেতে পারি " শনিবার ট্যাম্পার আদালতের নথিতে অভিযুক্ত ব্যক্তির পক্ষে কোনো আইনজীবীর নাম উল্লেখ ছিল না। তার বিরুদ্ধে পরবর্তী শুনানির তারিখ নির্ধারিত হয়েছে ২৮ এপ্রিল।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০৪.২০২৬ রনি)

### পশ্চিমবঙ্গ নির্বাচন; শেষ দফার আগে মোদী-মমতার প্রচার তুঙ্গে

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের দ্বিতীয় ও শেষ দফার আগে রবিবার প্রচারে সরগরম রাজ্য। শনিবার দুইটি জনসভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দাবি করেন, "শেষ দফাতেই বিজেপি ক্ষমতায় আসবে।„ প্রথম দফায় রেকর্ড ভোটার উপস্থিতির প্রসঙ্গ তুলে মোদী বলেন, তৃণমূলের ‍`দম্ভ, চুরমার হয়ে গেছে। তিনি অভিযোগ করেন, পশ্চিমবঙ্গ চলে রাজ্য সচিবালয় থেকে নয়, তৃণমূলের ‍`দুষ্কৃতীদের, হাত ধরে। অন্যদিকে, শনিবার বিজেপির জনসভার মাইক-বিপত্তির কারণে মমতা বন্দ্যোপাধ্যায় সভা ছেড়ে যান বলে উল্লেখ করেছে স্থানীয় গণমাধ্যমগুলো। প্রতিশ্রুতি রেখে রবিবার সেখানেই পদযাত্রা করেন তিনি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০৪.২০২৬ রনি)

### সংবাদকর্মীদের সঙ্গে ট্রাম্পের নৈশভোজ অনুষ্ঠানে গুলি, অক্ষত ট্রাম্প

বিভিন্ন গণমাধ্যমের হোয়াইট হাউস সংবাদদাতাদের সঙ্গে শনিবার ডোনাল্ড ট্রাম্পের বার্ষিক নৈশভোজ অনুষ্ঠানের সময় ওয়াশিংটনের হিলটন হোটেলে গুলির ঘটনা ঘটেছে। এসময় মার্কিন প্রেসিডেন্টকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়। উপস্থিতদের কেউ কেউ পাঁচ থেকে আট রাউন্ড গুলির শব্দ শোনার কথা জানান। একজন গোয়েন্দা কর্মকর্তাকে লক্ষ্য করে গুলি ছোড়া হয়। কিন্তু বুলেটপ্রুফ ভেস্টের কারণে তিনি বেঁচে যান। গুলি ছোড়া সন্দেহভাজন ব্যক্তিকে আটক করা হয়েছে। কর্মকর্তারা জানিয়েছেন, তার বিরুদ্ধে আগ্নেয়াস্ত্র ব্যবহার এবং বিপজ্জনক অস্ত্র দিয়ে ফেডারেল কর্মকর্তাদের ওপর হামলার অভিযোগ আনা হয়েছে। বার্তা সংস্থা এপি জানিয়েছে, তার নাম ও ছবির সাথে লিঙ্কডইন প্রোফাইলে কম্পিউটার ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতকোত্তর একজন ব্যক্তির মিল পাওয়া গেছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০৪.২০২৬ রনি)

## জাগো নিউজ

### প্রশ্নফাঁসের গুজব টেলিগ্রাম গ্রুপে ছড়িয়েছে, মিডিয়া সেটাই প্রকাশ করেছে

চলমান এসএসসি ও সমমান পরীক্ষায় কোনো প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটেনি বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি পরীক্ষার্থী ও অভিভাবকদের কোনো গুজবে কান না দেওয়ার আহ্বান জানিয়েছেন। মন্ত্রী বলেছেন, টেলিগ্রাম গ্রুপে গুজব ছড়ানো হচ্ছে। সেটাই মূল ধারার মিডিয়া প্রকাশ করছে। শিক্ষামন্ত্রী বলেন, আমরা তো ননস্টপ বলে যাচ্ছি যে, আমাদের চেষ্টা রয়েছে সুন্দর পরিবেশে, সুন্দর পরীক্ষার জন্য। কোনো গুজবে না কান দেওয়ার জন্য আমরা অনুরোধ করছি। ফেসবুক তো হয়ে গেছে ইনস্ট্যান্ট কফির মতো। ইনস্ট্যান্ট গুজব বেরোচ্ছে, তাতে ইনস্ট্যান্ট মন্তব্য করা হচ্ছে, ছড়িয়ে পড়ছে। কফি তো খেতে একটু সময় লাগে, ঠান্ডা হতে হয়। কিন্তু তা তো হচ্ছে না। রোববার (২৬ এপ্রিল) দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে (ইউজিসি) আয়োজিত এক অনুষ্ঠান শেষে গণমাধ্যম কর্মীদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

### একনেকে অনুমোদন পেল না সচিবালয়ে ২১ তলা ভবন নির্মাণ প্রকল্প

সহসাই হচ্ছে না বাংলাদেশ সচিবালয়ে ২১ তলা বিশিষ্ট আধুনিক ভবন নির্মাণকাজ। প্রকল্পটি একনেক সভায় অনুমোদন দেওয়া হয়নি। প্রকল্পের ব্যয় ধরা হয় ৬৪৯ কোটি ২৫ লাখ ৫১ হাজার টাকা। গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন প্রকল্পটি চূড়ান্তভাবে অনুমোদনের একনেক সভায় উপস্থাপন করা হলেও, তা ফিরিয়ে দেওয়া হয়েছে। রোববার (২৬ এপ্রিল) প্রকল্পটি জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) আসন্ন সভায় উপস্থাপিত হয়। বিএনপি নেতৃত্বাধীন

নতুন সরকারের দ্বিতীয় একনেক সভা সচিবালয়ে অনুষ্ঠিত হয় আজ। এ সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক সভাপতি প্রধানমন্ত্রী তারেক রহমান। পরিকল্পনা কমিশনের এক কর্মকর্তা বলেন, একনেক সভায় প্রকল্পটি অনুমোদন দেওয়া হয়নি। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সরকারের প্রশাসনিক কাঠামোর প্রাণকেন্দ্রে কর্মকর্তা-কর্মচারীদের জন্য সুষ্ঠু কর্মপরিবেশ নিশ্চিত করাই এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। সরকারি অর্থায়নে ২০২৯ সালের জুন মেয়াদের মধ্যে এটি বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। সচিবালয় প্রাঙ্গণে অধিকসংখ্যক মন্ত্রণালয় ও বিভাগের স্থান সংকুলান, জমির সুষ্ঠু ব্যবহার ও সরকারি অর্থের সুষ্ঠু উপযোগিতা নিশ্চিত করাই হলো প্রকল্পটির উদ্দেশ্য।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## টঙ্গীতে ঘরে ছেলের, রেললাইনের পাশে মিললো বাবার মরদেহ

গাজীপুরের টঙ্গীর বনমালা এলাকায় একটি বাড়ি থেকে ছেলে ও রেললাইনের পাশ থেকে বাবার মরদেহ উদ্ধার করেছে পুলিশ। রোববার (২৬ এপ্রিল) ভোরে তাদের মরদেহ উদ্ধার করা হয়। নিহতরা হলেন- টঙ্গীর বনমালা এলাকার বাসিন্দা মো. সোহেল হোসেন (৫০) ও তার ছেলে সাকিব হোসেন (১৮)। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, নিহত সাকিব (১৮) উত্তরার একটি বেসরকারি কলেজের একাদশ শ্রেণির ছাত্র ছিলেন। বাবা সোহেল (৫০) পেশায় রাজমিস্ত্রি হলেও, দীর্ঘদিন ধরে মাদকাসক্ত ছিলেন। স্থানীয়রা জানান, মা মারা যাওয়ার পর পড়াশোনার পাশাপাশি চাকরি করে অভাবের সংসারে হাল ধরেছিলেন সাকিব। শনিবার মধ্যরাতে নিজ ঘরে সাকিব হোসেনের মুখে কাপড় গুঁজে দেওয়া অবস্থায় মরদেহ পাওয়া যায়। সাকিবের মৃত্যুর পর বাড়ির পাশেই রেললাইনের পাশে বাবা সোহেলের ট্রেনে কাটা অবস্থায় মরদেহ পড়ে থাকতে দেখে স্থানীয়রা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## মুক্তিযুদ্ধকে ভুলিয়ে দেওয়ার চেষ্টা সফল হবে না : রিজভী

মুক্তিযুদ্ধের ইতিহাস ও চেতনাকে কৌশলে ভুলিয়ে দেওয়ার যে-কোনো প্রচেষ্টা কখনোই সফল হবে না বলে মন্তব্য করেছেন, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। রোববার (২৬ এপ্রিল) জাতীয়তাবাদী মুক্তিযুদ্ধের প্রজন্মের ১৫১ সদস্যবিশিষ্ট নবগঠিত কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। রিজভী বলেন, মুক্তিযুদ্ধ এ দেশের মানুষের রক্তের ইতিহাস। ৩০ লাখ শহিদের আত্মত্যাগ এবং দুই লাখ মা-বোনের ত্যাগ কোনোভাবেই ভোলার নয়। কেউ যদি কৌশলে ভুলিয়ে দেওয়ার চেষ্টা করে, জাতি তা প্রতিহত করবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## বন্যার শঙ্কায় আধা পাকা ধান কাটছেন হাওর পাড়ের চাষিরা

নেত্রকোণায় আকস্মিক বন্যার পূর্বাভাসে হাওরাঞ্চলের কৃষকদের মধ্যে উদ্বেগ ও আতঙ্ক দেখা দিয়েছে। ডিজেল ও শ্রমিক সংকটে অনিশ্চয়তার মধ্যেই তারা দ্রুত ধান কাটার কাজে নেমেছেন। গত দুইদিন হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস থাকায় কৃষকেরা নির্বিঘ্নে মাঠে কাজ করতে পেরেছেন। রোববার (২৬ এপ্রিল) সকালে জেলায় হালকা রোদ দেখা গেছে, তবে আকাশ ছিল কিছুটা মেঘাচ্ছন্ন। নেত্রকোণা পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) নির্বাহী প্রকৌশলী মো. সাখাওয়াত হোসেন রোববার সকালে বলেন, বৃষ্টি না হওয়া স্বস্তির হলেও, ২৮ এপ্রিল থেকে ভারী বৃষ্টিপাত শুরু হতে পারে। এসময় নদ-নদীর পানি বৃদ্ধি পেয়ে কোথাও কোথাও বিপৎসীমা অতিক্রম করে হাওরে ঢুকে পড়তে পারে, ফলে বন্যার আশঙ্কা আছে। হাওরের জমিতে ৮০ শতাংশ ধান পেকে গেলে সেগুলো জমিতে রাখা এখন ঝুঁকিপূর্ণ। নেত্রকোণায় আগেও ভারী বৃষ্টি হয়েছে। এমনিতে হাওরের বৃষ্টির পানিতে জলাবদ্ধতা রয়েছে। এখন উজানের ঢল নামলে পানি আরও বাড়বে। তাই দ্রুত পাকা ধান কাটতে কৃষকদের পরামর্শ দেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## সাবেক শিক্ষা উপমন্ত্রী মিলনের ইন্তেকাল

মানিকগঞ্জ-৪ আসনের সাবেক সংসদ সদস্য ও সাবেক শিক্ষা উপমন্ত্রী গোলাম সারোয়ার মিলন আর নেই। রোববার (২৬ এপ্রিল) ভোরে ঢাকার নিজ বাসভবনে হৃদ্‌যন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে তিনি মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। পরে তাকে ঢাকার পপুলার হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৯ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী ফাতেমা সারোয়ার, ছেলে সাবায়ের সারোয়ার ও মেয়ে তানজিয়া সারোয়ার অমিসহ অসংখ্য গুণগ্রাহী ও রাজনৈতিক সহযোদ্ধা রেখে গেছেন। গোলাম সারোয়ার মিলন তার বর্ণাঢ্য রাজনৈতিক জীবনে বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। ১৯৮৬-৯০ মেয়াদে তিনি মানিকগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য ছিলেন। ১৯৮৬-৮৭ সালে তিনি শিক্ষা উপমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## বাংলার পাশাপাশি যে-কোনো একটি বিদেশি ভাষায় পারদর্শী হতে হবে

বাংলা ভাষার পাশাপাশি যে-কোনো একটি বিদেশি ভাষায় পারদর্শী হতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। রোববার (২৬ এপ্রিল) ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ `আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের, শিক্ষার্থীদের পরিচিতি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দপ্তর এই সভার আয়োজন করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## সোমবার যশোর যাচ্ছেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান আগামীকাল সোমবার (২৭ এপ্রিল) যশোর জেলা সফর করবেন। রোববার (২৬ এপ্রিল) প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়েছে। সফরসূচিতে উন্নয়ন প্রকল্প উদ্‌বোধন, ভিত্তিপ্রস্তর স্থাপন এবং জনসভায় অংশগ্রহণের কর্মসূচি রয়েছে। সফরসূচি অনুযায়ী, সোমবার সকালে গুলশানের বাসভবন থেকে সড়কপথে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্দেশ্যে রওয়ানা হবেন প্রধানমন্ত্রী। সেখান থেকে আকাশপথে যশোর বিমানবন্দরে পৌঁছাবেন। যশোরে পৌঁছে প্রধানমন্ত্রী শার্শা উপজেলার উলশী খাল খনন কর্মসূচির উদ্‌বোধন করবেন। একই স্থানে আয়োজিত পথসভা বা সুধী সমাবেশেও যোগ দেবেন তিনি। পরে যশোর সার্কিট হাউসে স্বল্প বিরতির পর, বিকেলে যশোর মেডিকেল কলেজ হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী। এরপর যশোর কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে জনসভায় বক্তব্য দেবেন। দিনের কর্মসূচি শেষে সন্ধ্যায় যশোর বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হয়ে রাতে রাজধানীতে পৌঁছানোর কথা রয়েছে প্রধানমন্ত্রী তারেক রহমানের।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## ডেঙ্গু প্রতিরোধে আগাম প্রস্তুতি জোরদার করা হয়েছে : ডিএসসিসি প্রশাসক

ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে আগাম প্রস্তুতি জোরদার করা হয়েছে বলে জানিয়েছেন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রশাসক আবদুস সালাম। রোববার (২৬ এপ্রিল) সকালে রাজধানীর ফুলবাড়িয়ায় একটি সড়কের নামফলক উন্মোচন অনুষ্ঠানে তিনি এ কথা জানান। জনস্বাস্থ্য ইস্যুতে গুরুত্বারোপ করে ডিএসসিসি প্রশাসক বলেন, ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে আমাদের আগাম প্রস্তুতি জোরদার করা হয়েছে। এডিস মশা যেহেতু পরিষ্কার পানিতে জন্মায়, তাই জনগণের সচেতনতা এখানে সবচেয়ে জরুরি। তিনি বলেন, আমি নগরবাসীকে অনুরোধ করবো, আপনারা নিজ নিজ বাড়ি, আঙিনা ও ছাদ পরিষ্কার রাখুন, যাতে কোথাও পানি জমে না থাকে। মশক নিধন কার্যক্রম প্রসঙ্গে প্রশাসক আরও জানান, কার্যকর কীটনাশক ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সংস্থার অনুমোদন সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং এরই মধ্যে নতুন ফগার মেশিন সংগ্রহের জন্য টেন্ডার প্রক্রিয়া শুরু হয়েছে। অতীতের সীমাবদ্ধতা কাটিয়ে বর্তমান প্রশাসন জননিরাপত্তা ও জনস্বাস্থ্যের বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## সংসদ ভেঙে দিতে রাষ্ট্রপতির কাছে আবেদন সুপ্রিম কোর্টের এক আইনজীবীর

`সুপ্রিম কোর্ট সচিবালয় (রহিতকরণ) আইন, ২০২৬, প্রণয়নের মাধ্যমে বিচার বিভাগের স্বাধীনতাকে ধ্বংস করা হয়েছে- এমন অভিযোগ তুলে বর্তমান সংসদ ভেঙে দেওয়ার দাবিতে রাষ্ট্রপতির কাছে লিখিত আবেদন করা হয়েছে। রোববার (২৬ এপ্রিল) সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান মামুন রাষ্ট্রপতির কাছে এই আবেদন করেন। রাষ্ট্রপতির কাছে লেখা আবেদনে বলা হয়েছে, রাষ্ট্রের মৌলিক কাঠামোর তিনটি স্তম্ভ হলো- আইন বিভাগ (জাতীয় সংসদ), শাসন বিভাগ ও বিচার বিভাগ। আইন বিভাগ বা জাতীয় সংসদ যে-কোনো আইন প্রণয়ন বা বাতিল করতে পারে। এমনকি জাতীয় সংসদ চাইলে সংবিধানও সংশোধন করতে পারে। কিন্তু সংবিধানের ৭ অনুচ্ছেদ অনুযায়ী জাতীয় সংসদ এমন কোনো আইন প্রণয়ন করতে পারবে না, যা রাষ্ট্রের মৌলিক কাঠামোকে (Basic Structure) ভেঙে ফেলতে পারে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে, `সুপ্রিম কোর্ট সচিবালয় (রহিতকরণ) আইন, ২০২৬, প্রণয়নের মাধ্যমে আমাদের জাতীয় সংসদ রাষ্ট্রের অন্যতম মৌলিক স্তম্ভ তথা বিচার বিভাগের স্বাধীনতা ধ্বংস করেছে। সুপ্রিম কোর্ট সচিবালয় হলো বিচার বিভাগের হৃৎপিণ্ড। যেমন হৃৎপিণ্ড ব্যতীত মানবদেহ অচল, তেমনি সুপ্রিম কোর্ট সচিবালয় ছাড়া বিচার বিভাগ স্বাধীনভাবে কাজ করতে পারবে না। আবেদনে আইনজীবী মো. মাহমুদুল হাসান মামুন বলেন, আমাদের বিচার বিভাগের প্রশাসনিক কাজের নিয়ন্ত্রণ যদি আইন, সংসদ ও বিচার মন্ত্রণালয়ের অধীনে থাকে, তাহলে উক্ত মন্ত্রণালয়ের কর্মকর্তারা সারা দেশে বিচারক ও ম্যাজিস্ট্রেটদের ওপর প্রভাব বিস্তার করে। ক্ষেত্রবিশেষে ব্ল্যাকমেইল করে তাদের পছন্দের ব্যক্তি বা আসামিদের পক্ষে জামিন, কোর্ট আদেশ ও মামলার রায়ের জন্য চাপ প্রয়োগ করার সুযোগ পাবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## ঢাবি ছাত্রীর মরদেহ উদ্ধারের ঘটনায় মামলা, শিক্ষক গ্রেফতার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী মুনিরা মাহজাবিন মিমোর মরদেহ উদ্ধারের ঘটনায় মামলা করেছেন তার বাবা। ওই মামলায় মিমোর বিভাগের শিক্ষক সুদীপ চক্রবর্তীকে

গ্রেফতার দেখানো হয়েছে। রোববার (২৬ এপ্রিল) রাজধানীর বাড্ডার বাসা থেকে মিমোর মরদেহ উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠায় পুলিশ। পুলিশ জানায়, মরদেহ উদ্ধারের সময় তার বাসা থেকে একটি চিরকুট এবং মোবাইল ফোন থেকে কিছু কথোপকথন পাওয়া গেছে। যেখানে তিনি বিভাগের শিক্ষক সহযোগী অধ্যাপক সুদীপ চক্রবর্তীর নাম উল্লেখ করেছেন। এছাড়াও, তার এক সহপাঠীর নাম উল্লেখ করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## রাজশাহীর সেই কলেজ শিক্ষিকা সাময়িক বরখাস্ত

রাজশাহীর দুর্গাপুরের দাওকান্দি সরকারি বিশ্ববিদ্যালয় কলেজের স্থানীয় বিএনপি নেতার জুতাপেটার শিকার আলোচিত শিক্ষিকা আলেয়া খাতুন হীরাকে সাময়িক বরখাস্ত করেছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল। রোববার (২৬ এপ্রিল) দুপুরে কলেজটি পরিদর্শন শেষে বিষয়টি নিশ্চিত করেন রাজশাহী আঞ্চলিক মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের পরিচালক প্রফেসর মোহা. আছাদুজ্জামান। তিনি বলেন, তদন্তের স্বার্থে আলেয়া খাতুন হীরাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। এর আগে, গতকাল শনিবার এ ঘটনায় সংবাদ সম্মেলন করে রাজশাহীর দুর্গাপুর উপজেলার দাওকান্দি সরকারি কলেজের অধ্যক্ষ আব্দুর রাজ্জাক ও আলিয়া খাতুনকে ৪৮ ঘণ্টার মধ্যে অপসারণের জন্য আলটিমেটাম দেন কয়েকজন বিএনপি নেতা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## জরুরি সেবায় নিয়োজিতদের জ্বালানি তেলের রেশনিং তুলে নেওয়া হয়েছে

পুলিশসহ জরুরি সেবায় নিয়োজিত বাহিনীর ওপর আরোপিত জ্বালানি তেলের সীমাবদ্ধতা বা রেশনিং তুলে নেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং জনগণের নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করতে দুইদিন আগেই এই সিদ্ধান্ত কার্যকর করা হয়েছে বলে সংসদকে অবহিত করেন তিনি। রোববার (২৬ এপ্রিল) জাতীয় সংসদে কুমিল্লা-৬ আসনের সংসদ সদস্য মনিরুল হক চৌধুরীর এক পয়েন্ট অব অর্ডারের জবাবে প্রধানমন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, সংসদ সদস্য যে উদ্বেগ প্রকাশ করেছেন, বিষয়টি আমরা এরই মধ্যে অ্যাড্রেস করেছি। পুলিশসহ ইমার্জেন্সি বাহিনী যারা আছে, পুলিশ, অ্যাম্বুলেন্স বা ফায়ার ব্রিগেড, তাদের ওপর থেকে জ্বালানি তেলের যে সীমাবদ্ধতা ছিল, তা সরিয়ে নেওয়া হয়েছে। দুইদিন আগেই এই সিদ্ধান্ত আমরা গ্রহণ করেছি এবং বিষয়টি ক্লিয়ার করে দেওয়া হয়েছে। আশা করি, এই সমস্যা আর হবে না। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## ঢাবিতে বজ্রপাতে দুই শিক্ষার্থী আহত, ঢামেকে ভর্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অপরাজেয় বাংলায় বজ্রপাতে দুই নারী শিক্ষার্থী আহত হয়েছেন। তারা হলেন- সুফিয়া আক্তার (২২) ও ফারাহ আক্তার (২২)। দুইজনই ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি শিক্ষার্থী। রোববার (২৬ এপ্রিল) বিকেল সাড়ে ৫টার দিকে অচেতন অবস্থায় তাদের ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসা হয়। তাদের হাসপাতালে আসা সহকর্মী আগলিনা জানান, বিকেল ৫টার দিকে ঝড়-বৃষ্টির সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলায় অবস্থানকালে বজ্রপাতে দুইজন গুরুতর আহত হন। তাদের উদ্ধার করে ঢামেক হাসপাতালের জরুরি বিভাগের নতুন ভবনে ভর্তি করা হয়। আহত দুইজনই ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি শিক্ষার্থী। ঢামেক হাসপাতালের পুলিশ ক্যাম্পের ইনচার্জ (পরিদর্শক) মো. ফারুক জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ে বজ্রপাতে আহত দুই শিক্ষার্থীকে জরুরি বিভাগে ভর্তি করা হয়েছে। বর্তমানে তারা চিকিৎসাধীন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## দ্বিতীয় যমুনা সেতু নির্মাণে সম্ভাব্যতা যাচাই চলছে : সংসদে সেতুমন্ত্রী

যানজট এড়িয়ে যাতায়াত ব্যবস্থার আরও অগ্রগতি সাধনের লক্ষ্যে দ্বিতীয় যমুনা সেতু নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষার কার্যক্রম চলমান আছে বলে জানিয়েছেন, সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। তিনি বলেছেন, বিদ্যমান যমুনা সেতু সংকীর্ণ চার লেনের হওয়ায় বিভিন্ন সময়ে যানজট সৃষ্টি হচ্ছে, যা নিরসনে যমুনা নদীর ওপর একটি বিকল্প সেতু নির্মাণ করা প্রয়োজন। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মাস্টার প্ল্যানে ২০৩৩ সালের মধ্যে দ্বিতীয় যমুনা সেতু বাস্তবায়নের লক্ষ্যে সুপারিশ করা হয়েছে। রোববার (২৬ এপ্রিল) জাতীয় সংসদে সরকার দলীয় সংসদ সদস্য মোস্তাফিজুর রহমান বাবুলের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রমের সভাপতিত্বে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপন করা হয়। দ্বিতীয় যমুনা সেতুর তিনটি অ্যালাইনমেন্টের সম্ভাব্যতা যাচাই করা হচ্ছে জানিয়ে সেতুমন্ত্রী বলেন, বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলা, জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলা এবং গাইবান্ধার বালাসী ঘাট থেকে দেওয়ানগঞ্জ পর্যন্ত বা অন্য কোনো উপযুক্ত করিডোর। সরকারি দলের সদস্য শামছুর রহমান শিমুল বিশ্বাসের প্রশ্নের জবাবে সেতুমন্ত্রী বলেন, পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের ব্যয় চারবার, কর্ণফুলি নদীর তলদেশে বহুলেন সড়ক টানেল নির্মাণ প্রকল্পের ব্যয় দুইবার এবং ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের ব্যয় একবার বাড়ানো হয়। প্রকল্পভিত্তিক অনিয়ম দুর্নীতির বিষয়ে দুর্নীতি দমন কমিশনের তদন্ত কার্যক্রম চলমান আছে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## ৪৯৬ কিমি মহাসড়ক ৬ লেন ও ১০২ কিমি ৮ লেনে উন্নীত হবে

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম জাতীয় সংসদে জানিয়েছেন, এডিবির মাস্টার প্ল্যান অনুযায়ী, ২০৪০ সালের মধ্যে ৪৯৬ দশমিক ৫০ কিলোমিটার মহাসড়ক ছয় লেনে এবং ১০২ কিলোমিটার মহাসড়ক আট লেনে উন্নীত করা হবে। রোববার (২৬ এপ্রিল) সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে মন্ত্রী এ তথ্য জানান। পাবনা-৫ আসনের সংসদ সদস্য মো. শামছুর রহমান শিমুল বিশ্বাস লিখিত প্রশ্নে জানতে চান, বর্তমানে ফাস্ট ট্র্যাক প্রকল্পগুলো কী কী? কত সালের মধ্যে দেশের সব জাতীয় মহাসড়কগুলো ছয় লেনে এবং আট লেনে রূপান্তর করা সম্ভব হবে? জবাবে শেখ রবিউল আলম বলেন, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের অধীনে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের (ডিএমটিসিএল) আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পগুলো ফাস্ট ট্র্যাক প্রকল্প হিসেবে বিবেচিত। তবে সড়ক ও জনপথ অধিদপ্তরে চলমান কোনো প্রকল্পই ফাস্ট ট্র্যাক প্রকল্প হিসেবে বিবেচিত নেই।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## গাইবান্ধায় বজ্রপাতে শিশুসহ চারজনের মৃত্যু

গাইবান্ধার সুন্দরগঞ্জ ও সাঘাটা উপজেলায় বজ্রপাতে এক শিশুসহ চারজনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন আরও একজন। বজ্রপাতে একটি গরুও মারা গেছে। রোববার (২৬ এপ্রিল) বিকেলে সুন্দরগঞ্জ উপজেলার দক্ষিণ ধোপাডাঙ্গা গ্রামে এবং সাঘাটা উপজেলায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- ওই এলাকার সাবেক ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর আলম সুজা চৌধুরীর ছেলে ফুয়াদ (১৪), ছোটন মিয়ার ছেলে রাফি (১৫) ও নবীর হোসেনের ছেলে মিজান (২০) এবং সাঘাটা উপজেলার নম্বর আলী (৬৫)। এ ঘটনায় আহত শামীম (১৮) একই গ্রামের আব্দুল হাই মিয়ার ছেলে। এলাকাবাসী ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, বিকেল ৪টার দিকে হঠাৎ আকাশ কালো মেঘে ঢেকে যায় এবং বজ্রসহ বৃষ্টি শুরু হয়। এসময় ওই দুই তরুণ ও শিশু বাড়ির পাশের রাস্তায় দাঁড়িয়ে ছিলেন। হঠাৎ তাদের ওপর সরাসরি বজ্রপাত হলে ঘটনাস্থলেই তারা প্রাণ হারান। একই সময়ে পাশে থাকা একটি গরুও মারা যায়। আহত শামীমকে দ্রুত উদ্ধার করে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। পৃথক বজ্রপাতের ঘটনায় মারা যান নম্বর আলী। সুন্দরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহিন মোহাম্মদ আমানুল্লাহ বজ্রপাতে নিহতের বিষয়টি নিশ্চিত করেছেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## আবার ভয়ের ও আতঙ্কের পরিবেশ সৃষ্টি করা হচ্ছে : সংসদে হাসনাত আবদুল্লাহ

`আবার একটা ভয়ের ও আতঙ্কের পরিবেশ সৃষ্টি করা হচ্ছে, বলে দাবি করেছেন কুমিল্লা-4 আসনের সংসদ সদস্য (এমপি) আবুল হাসনাত (হাসনাত আবদুল্লাহ)। তিনি বলেছেন, ”আমরা এখানে দাঁড়িয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সমালোচনা করতে চাই। আমরা নির্ভয়ে ফেসবুকে লিখতে চাই, আমরা ”ব্যাক পেজ„ ব্যবহার করতে চাই না। কিন্তু আবার একটা ভয়ের ও আতঙ্কের পরিবেশ সৃষ্টি করা হচ্ছে।„ রোববার (২৬ এপ্রিল) জাতীয় সংসদ অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কিত ধন্যবাদ প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে এসব কথা বলেন হাসনাত আবদুল্লাহ। বিকেলে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে সংসদ অধিবেশন শুরু হয়। হাসনাত আবদুল্লাহ বলেন, আজকে আমরা সংসদে সবার কাছে অনেকের সংগ্রামের কথা শুনি, তারা অনেক লড়াইয়ের মধ্যদিয়ে আজকে সংসদে এসেছেন। আসলে আমাদের প্রজন্মের জন্য আপনারা যে কাজগুলো করছেন, যে দায়িত্বটা নিয়েছেন, এই দায়িত্বের ফলভোগী বা সুবিধাভোগী কিন্তু আমরা, আমাদের এই প্রজন্ম। তিনি বলেন, ”আমরা খুব আশাহত হই, যখন এই সংসদ এত রক্ত, এত লড়াই, এত ত্যাগের পরে গঠিত হয়েছে, কিন্তু এই সংসদ আবার আগের সেই ”ভিসিয়াস সাইকেলে„ (দুষ্টচক্র) ফিরে যাচ্ছে। বিরোধী মত দমনের নামে মামলার যেই সাইকেল, আমরা সেখানে আবার চলে গিয়েছি। ক্যাম্পাসগুলো আবার অস্থিরতার দিকে যাচ্ছে।„ (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## জ্বালানি সংকট সমাধানে ১০ সদস্যের কমিটির মেয়াদ ৩০ দিন

মধ্যপ্রাচ্যে চলমান সংকটের প্রভাবে দেশে তৈরি হওয়া জ্বালানি সংকট মোকাবিলায় সরকার ও বিরোধী দলের ১০ সদস্যের একটি কমিটি গঠনের প্রস্তাব জাতীয় সংসদে পাস হয়েছে। কমিটির মেয়াদ গঠনের বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৩০ দিন নির্ধারণ করা হয়েছে। রোববার (২৬ এপ্রিল) বিকেলে জাতীয় সংসদে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে কমিটি গঠনের প্রস্তাবটি উত্থাপন করেন চিফ হুইপ নূরুল ইসলাম। তিনি বলেন, সাম্প্রতিক জ্বালানি সংকট মোকাবিলায় গঠিত কমিটি সুপারিশসহ সংসদে প্রতিবেদন দেবে। সরকার ও বিরোধী দল মিলিতভাবে জাতীয় সংসদে কমিটি গঠনের এমন নজির বিরল। এর আগে, বাংলাদেশে রাষ্ট্রপতি শাসিত সরকার থেকে সংসদীয় সরকার ব্যবস্থায় রূপান্তরের সময় সরকার ও বিরোধী দল একমত হয়েছিল। গত ২৩ এপ্রিল ইরান-ইসরায়েল যুদ্ধ কেন্দ্র করে দেশের ভেতরে তৈরি হওয়া জ্বালানি সংকট সমাধানে ১০ সদস্যের একটি কমিটি গঠনের প্রস্তাব জাতীয় সংসদে দেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## বিএনপির বহিষ্কৃত নেতা ইসহাক সরকারকে ঢাকা মহানগরের আহ্বায়ক করলো এনসিপি

বিএনপির বহিষ্কৃত নেতা ইসহাক সরকারকে আহ্বায়ক করে ঢাকা মহানগর শাখার কমিটি ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। কমিটিতে সদস্যসচিবের দায়িত্ব পেয়েছেন ইঞ্জিনিয়ার এস এম শাহরিয়ার। রোববার (২৬ এপ্রিল) এনসিপির সদস্যসচিব আখতার হোসেন ও মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার সই করা এক বিজ্ঞপ্তিতে এ কমিটি ঘোষণা করা হয়। গত ২৪ এপ্রিল আনুষ্ঠানিকভাবে এনসিপিতে যোগ দেন ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সাবেক সাংগঠনিক সম্পাদক ও যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাবেক সাংগঠনিক সম্পাদক ইসহাক সরকার। ওইদিন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছিলেন, ”ইসহাক সরকার আমাদের জন্য অনুপ্রেরণা, তিনি আমাদের সহযোদ্ধা। তিনি আগে বিরোধী রাজনীতি করেছেন, এখনো বিরোধী রাজনীতিই করবেন। এর আগে, ত্রয়োদশ জাতীয় নির্বাচনের এক সপ্তাহ আগে গত ৪ ফেব্রুয়ারি বিএনপির প্রাথমিক সদস্য পদসহ সব পর্যায়ের পদ থেকে ইসহাক সরকারকে বহিষ্কার করে বিজ্ঞপ্তি জারি করা হয়। পরে জাতীয় নির্বাচনে ঢাকা-৭ আসন থেকে স্বতন্ত্র প্রার্থী হয়ে ফুটবল প্রতীকে ১১ হাজার ৫১৭ ভোট পান ইসহাক সরকার। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## বন্ধ চিনিকলে মাসে ব্যয় ২৪ লাখ টাকা

উত্তরবঙ্গের অন্যতম প্রাচীন ভারী শিল্প প্রতিষ্ঠান রংপুরের শ্যামপুর সুগার মিলস লিমিটেড। সরকারি সিদ্ধান্তে ২০২০ সাল থেকে এর উৎপাদন বন্ধ। দীর্ঘদিন ধরে লোকসানে থাকা এবং আধুনিকায়নের অভাবের মুখে মিলটির কার্যক্রম স্থগিত থাকলেও, এটি চালুর ব্যাপারে গত কয়েক বছরে দৃশ্যমান কোনো উদ্যোগ দেখা যায়নি। ফলে এ অঞ্চলের গ্রামীণ অর্থনীতিতে নেমে এসেছে স্থবিরতা। চরম অনিশ্চয়তার মুখে পড়েছেন স্থানীয় আখ চাষি ও মিলের কয়েক হাজার শ্রমিক-কর্মচারী। বর্তমানে মিলের যন্ত্রপাতিতে মরিচা ধরেছে। মিলের কার্যক্রম বন্ধ থাকলেও, কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ প্রতি মাসে গুনতে হচ্ছে প্রায় ২৪ লাখ টাকা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## এমপিদের শুল্কমুক্ত গাড়ি আমদানির সুবিধা বাতিল, সংসদে বিল পাস

সংসদ সদস্যদের (এমপি) শুল্কমুক্ত গাড়ি আমদানির সুবিধা বাতিল করা হয়েছে। এ-সংক্রান্ত একটি বিল রোববার (২৬ এপ্রিল) জাতীয় সংসদে পাস হয়েছে। আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান সংসদ অধিবেশনে `দ্য মেম্বারস অব পার্লামেন্ট (রেম্যুনিউরেশন অ্যান্ড অ্যালাউন্সেস) অর্ডার, ১৯৭৩, সংশোধনে বিলটি উত্থাপন করেন। এর ওপর কোনো সংশোধনী প্রস্তাব ছিল না। কোনো আলোচনা ছাড়াই এটি সংসদে পাস হয়। এর আগে, গত বৃহস্পতিবার মন্ত্রিসভার বৈঠকে এই বিল অনুমোদন করা হয়। এখন এটি পাসের মাধ্যমে বিদ্যমান আইনের ৩সি ধারা বিলুপ্ত করা হয়েছে। এ ধারায় বলা ছিল, একজন সদস্য তার পুরো মেয়াদকালে শুল্কমুক্তভাবে, উন্নয়ন, সারচার্জ এবং আমদানি পারমিট ফি ব্যতীত সরকার কর্তৃক নির্ধারিত বিবরণ ও শর্ত অনুযায়ী একটি গাড়ি, জিপ বা মাইক্রোবাস আমদানি করার অধিকারী হবেন। এছাড়া, তিনি সর্বশেষ আমদানির তারিখ থেকে পাঁচ বছর অতিবাহিত হওয়ার পর আরেকটি নতুন গাড়ি, জিপ বা মাইক্রোবাস আমদানি করার অধিকারী হবেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রচারে বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা বলেছিলেন, তারা জয়ী হলে কেউ শুল্কমুক্ত গাড়ি নেবেন না। ভোটের পরে ক্ষমতাসীন বিএনপির প্রথম সংসদীয় দলের বৈঠকে শুল্কমুক্ত গাড়ি না নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। অন্যদিকে, বিরোধীদলের পক্ষ থেকে শুল্কমুক্ত গাড়ি না নেওয়ার পাশাপাশি সরকারি প্লটও না নেওয়ার বিষয়ে ভোটের আগে জানানো হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## বিএনপি নেতার বিরুদ্ধে পুলিশ কনস্টেবলকে মারধরের অভিযোগ

চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপুরে পেট্রোল পাম্পে জ্বালানি নিতে গিয়ে পুলিশের এক কনস্টেবলকে মারধরের অভিযোগ উঠেছে এক বিএনপি নেতার বিরুদ্ধে। রোববার (২৬ এপ্রিল) বিকেলে গোমস্তাপুর উপজেলার খয়রাবাদ এলাকায় `রায়হান ফিলিং স্টেশনে, এ ঘটনা ঘটে। অভিযুক্ত ওই বিএনপি নেতার নাম আল রায়হান। তিনি গোমস্তাপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি। এছাড়া, তিনি গোমস্তাপুর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা আশরাফ হোসেনের ছোটো ছেলে। অপরদিকে মারধরের শিকার কনস্টেবল শওকত হোসেন নাচোল থানায় কর্মরত রয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## শের-ই-বাংলার মৃত্যুবার্ষিকীতে মির্জা ফখরুলের শ্রদ্ধা

জাতীয় নেতা শের-ই-বাংলা এ কে ফজলুল হকের মৃত্যুবার্ষিকীতে তার প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। রোববার (২৬) এপ্রিল এক বাণীতে মির্জা ফখরুল বলেন, শের-ই-বাংলার অবদান এ দেশের মানুষ কোনোদিন ভুলবে না। শিক্ষানুরাগী ও সাম্প্রদায়িক সম্প্রীতির প্রতীক হিসেবে ইতিহাসে শের-ই-বাংলার গুরুত্বপূর্ণ স্থান রয়েছে। ঔপনিবেশিক শাসনের অন্যায় ও অমানবিকতার বিরুদ্ধে তার বলিষ্ঠ ভূমিকা তাকে অবিস্মরণীয় ব্যক্তিত্বে পরিণত করেছে। বাণীতে বিএনপি মহাসচিব আরও বলেন, কৃষক সমাজকে রক্ষায় ঋণ সালিশি বোর্ড গঠন ছিল শের-ই-বাংলার একটি যুগান্তকারী পদক্ষেপ। দেশের মানুষের ন্যায্য অধিকার আদায়ে তার অবদান জাতীয় ইতিহাসে অপরিসীম গুরুত্ব বহন করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## ডাকসু নেতাদের ওপর হামলার ঘটনায় শাহবাগ থানায় মামলা না নেওয়ার অভিযোগ

গত ২৩ এপ্রিল শাহবাগ থানায় ডাকসু নেতাদের ওপর ছাত্রদলের হামলার ঘটনায় শাহবাগ থানা মামলা নেয়নি বলে অভিযোগ করেছেন, ডাকসুর সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক মুসাদ্দেক আলী ইবনে মুহাম্মদ। তবে ডাকসু নেতাদের দেওয়া একটি অভিযোগপত্র থানা কর্তৃপক্ষ গ্রহণ করেছে। রোববার (২৬ এপ্রিল) শাহবাগ থানায় মামলা দিতে এসে থানা কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা শেষে সংবাদ সম্মেলনে তিনি এসব তথ্য জানান। মুসাদ্দেক আলী ইবনে মুহাম্মদ বলেন, ”গত তিনদিন আমরা হাসপাতালের বেডে ছিলাম। কিছুটা সুস্থ হয়ে আমরা থানায় এসেছি অভিযোগ দায়ের করার জন্য। থানা কর্তৃপক্ষ অভিযোগ গ্রহণ করলেও, তারা মামলা গ্রহণ করেনি। তারা বলেছে, তদন্ত করে মামলা গ্রহণ করবে। তবে আমরা অন্যান্য ক্ষেত্রে দেখেছি, অভিযোগ গ্রহণের সঙ্গে সঙ্গে মামলা গ্রহণের ঘটনা ঘটে।„ তিনি বলেন, ”এখানে যারা কর্মকর্তারা ছিলেন, তাদের চোখে-মুখে এক ধরনের চাপা আতঙ্ক। এমনকি তারা ছবি তুলতেও ভয় পাচ্ছিলেন। এই আতঙ্ক কীসের? কারা পুলিশকে আবার দলীয় বাহিনী হিসেবে রেডি করতে চাচ্ছে? তা নিয়ে আমাদের মাঝে সংশয় তৈরি হয়েছে। তারা বলেছেন, উপরের নির্দেশ ছাড়া আমরা এটি (মামলা গ্রহণ) করতে পারবেন না। দায়িত্ব ছিল পুলিশের নিজের বাদী হয়ে মামলা করা। কারণ এই ঘটনা থানার অভ্যন্তরে ঘটেছে। পুলিশের সামনে আমাদের মারধর করা হয়েছে। পাঁচ আগস্ট পরবর্তী সময়ে আমরা এ ধরনের ঘটনা প্রত্যাশা করিনি।„

(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## ঢাকায় দেড় ঘণ্টায় ৩৫ মিলিমিটার বৃষ্টি, সোমবারও থাকতে পারে

রাজধানী ঢাকায় দেড় ঘণ্টায় ৩৫ মিলিমিটার বৃষ্টি হয়েছে। বৃষ্টিতে গরম কমে স্বস্তি ফিরেছে নগর জীবনে। এই বৃষ্টিপাত আগামীকালও (সোমবার) অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এদিকে, বৃষ্টিতে রাজধানীর বিভিন্ন স্থানে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। এতে সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়তে হয়েছে অফিস ফেরত নগরবাসীকে। সন্ধ্যায় আবহাওয়াবিদ কাজী জেবুন্নেছা জাগো নিউজকে বলেন, আগামী ২ দিন রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা ও সিলেট বিভাগে বৃষ্টি হতে পারে। এসব এলাকায় কালবৈশাখী ঝড়ের সম্ভাবনা রয়েছে। তিনি বলেন, মাসের বাকি দিনগুলোতে তাপপ্রবাহের সম্ভাবনা কম। আজ শুধু ২ জেলায় তাপপ্রবাহ বইছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## ইংরেজি-গণিত পরীক্ষায় অনুপস্থিত ৩৪ হাজারের বেশি, বহিষ্কার ৪০

এসএসসি ও সমমান পরীক্ষার তৃতীয় দিনে ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে ইংরেজি এবং মাদরাসা ও কারিগরিতে গণিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এতে সারা দেশে বহিষ্কার ও অনুপস্থিতি বেড়েছে। এদিন সব বোর্ড মিলিয়ে অনুপস্থিত ছিল ৩৪ হাজারেরও বেশি পরীক্ষার্থী। আর অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে ৪০ জন। রোববার (২৬ এপ্রিল) বিকেলে ১১টি শিক্ষা বোর্ডের মোর্চা বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনের তথ্যমতে, ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে ইংরেজি প্রথমপত্র পরীক্ষায় ২১ জনকে বহিষ্কার করা হয়েছে। এ পরীক্ষায় সারাদেশে অনুপস্থিত ছিল ১৫ হাজার ৫৯৯ জন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## অসাম্প্রদায়িক বাংলাদেশ বিনির্মাণে লড়াই অব্যাহত রাখবে ছাত্র ইউনিয়ন

দলের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকীতে শিক্ষার অধিকার আদায়, গণতান্ত্রিক ও অসাম্প্রদায়িক বাংলাদেশ বিনির্মাণে লড়াই অব্যাহত রাখবে বলে অঙ্গীকার করেছে ছাত্র ইউনিয়ন। রোববার (২৬ এপ্রিল) ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বোপার্জিত স্বাধীনতা চত্বরে বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সভাপতি মাহির শাহরিয়ার রেজার সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক বাহাউদ্দিন শুভ-এর সঞ্চালনায় বক্তব্য রাখেন বাংলাদেশ যুব ইউনিয়নের সভাপতি খান আসাদুজ্জামান মাসুম ও বাংলাদেশ ছাত্রলীগ-বিসিএলের সভাপতি গৌতম শীল। সভাপতির বক্তব্যে মাহির শাহরিয়ার রেজা বলেন, `ভাষা আন্দোলনের অগ্নিগর্ভ থেকে জন্ম নেওয়া এদেশের প্রথম অসাম্প্রদায়িক ছাত্র গণসংগঠন বাংলাদেশ ছাত্র ইউনিয়ন। ছাত্র ইউনিয়ন তার জন্মলগ্ন থেকেই শিক্ষার অধিকার আদায়, গণতন্ত্র প্রতিষ্ঠা এবং শোষণ-বৈষম্যহীন ও অসাম্প্রদায়িক বাংলাদেশ বির্নিমাণের লড়াই করে আসছে, যা ভবিষ্যতেও অব্যাহত থাকবে।, ছাত্র ইউনিয়ন তার নীতিনিষ্ঠ অবস্থান থেকে একচুলও বিচ্যুত হয়নি দাবি করে তিনি বলেন, কখনও শাসকের সঙ্গে আপোশ করেনি ছাত্র ইউনিয়ন। এটা আমাদের গৌরব, আমাদের অহংকার। হাজারো শহিদের রক্তস্নাত এই সংগঠন বাংলাদেশকে বিগত দিনেও পথ দেখিয়েছে, ভবিষ্যতেও দেখাবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## চুরি করার সময় যুবদল নেতাকে ধরে গণপিটুনি

বরিশালের বানারীপাড়ায় মাছ বিক্রেতার পকেট থেকে টাকা চুরির সময় খোকন হাওলাদার নামের এক যুবদল নেতা জনতার হাতে আটক হয়েছেন। পরে তাকে মারধর করা হয়। রোববার (২৬ এপ্রিল) সকালে উপজেলার বিশারকান্দি ইউনিয়নের চৌমোহনা বাজারে এ ঘটনা ঘটে। খোকন হাওলাদার উপজেলার উদয়কাঠী ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড যুবদলের সভাপতি। বিশারকান্দি ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য নান্না মিয়া তালুকদার জানান, সকাল ৯টার

দিকে চৌমোহনা বাজারের মাছ বিক্রেতা কলাভিটা গ্রামের অনিল মন্ডলের পকেটে কৌশলে হাত দিয়ে টাকা চুরির চেষ্টা করেন যুবদল নেতা খোকন। এসময় টের পেয়ে নিজের পকেটের মধ্যে খোকনের হাত চেপে ধরে অনিল মন্ডল চিৎকার দেন। পরে বাজারের ব্যবসায়ী ও ক্রেতাসহ লোকজন ছুটে এসে তাকে হাতেনাতে ধরেন। তাকে মারধর করে পুলিশে সোপর্দ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## হাম ও হামের উপসর্গ নিয়ে আরও ৮ জনের মৃত্যু

সারাদেশে গত ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত ও হামের উপসর্গ নিয়ে আরও আটজন মারা গেছেন। তাদের মধ্যে একজন হাম আক্রান্ত হয়েই মারা গেছেন বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি সাতজনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। রোববার (২৬ এপ্রিল) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৪৩ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ২১৬ জন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## ভিডিও বানিয়ে প্রতারণা; আজহারীর নাম ভাঙিয়ে ব্যবসা, ১০ যুবক কারাগারে

জনপ্রিয় ইসলামি বক্তা ড. মিজানুর রহমান আজহারীর ছবি ও কণ্ঠ নকল করে ডিপফেক ভিডিও বানিয়ে প্রতারণার অভিযোগে গ্রেফতার ১০ যুবককে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। শনিবার (২৫ এপ্রিল) ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ইশরাত জাহান তাদের জামিন আবেদন নাকচ করে এই আদেশ দেন। রোববার (২৬ এপ্রিল) বিকেলে বিষয়টি গণমাধ্যমের সামনে আসে। প্রসিকিউশন বিভাগের উপ-পরিদর্শক রোকনুজ্জামান বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, আসামিদের জামিন শুনানি সোমবার অনুষ্ঠিত হবে এবং তাদের পক্ষে আইনজীবী শরীফ আহমেদ শুনানিতে অংশ নেবেন। তারা বিভিন্ন জেলার বাসিন্দা হলেও চট্টগ্রামের বায়েজিদ বোস্তামি এলাকায় একটি বাসা ভাড়া নিয়ে এ কার্যক্রম চালাতেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

## সাগর-রুনি হত্যা মামলার তদন্তে আরও ৬ মাস সময় দিলেন হাইকোর্ট

সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্তে টাস্কফোর্সকে আরও ৬ মাস সময় দিয়েছেন হাইকোর্ট। রোববার (২৬ এপ্রিল) হাইকোর্টের বিচারপতি ফাতেমা নজীব এবং বিচারপতি এ এফ এম সাইফুল করিমের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। আদালতে এ দিন রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল মো. রুহুল কুদ্দুস কাজল। তিনি জানান, এ মামলার তদন্ত কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। তদন্ত সম্পন্ন করতে আরও সময় প্রয়োজন। পরে আদালত তদন্ত শেষ করতে আরও ৬ মাস সময় দেন। আদালতে বাদীপক্ষে শুনানি করেন আইনজীবী মোহাম্মদ শিশির মনির। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## প্রকল্প ব্যয়ে সাশ্রয়ী হতে স্পষ্ট নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী

বিভিন্ন প্রকল্প ব্যয়ে সাশ্রয়ী হতে স্পষ্ট নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার বাংলাদেশ সচিবালয়ের একনেকের বৈঠকে তিনি এ নির্দেশনা দেন। বৈঠক শেষে এ বিষয়ে জানান অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী জোনায়েদ সাকি। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির ২০২৫-২৬ অর্থবছরের ১০ম সভা আজ অনুষ্ঠিত হয়। জোনায়েদ সাকি একনেক সভায় উত্থাপিত ১৭টি প্রকল্পের মধ্যে ১৫টি প্রকল্প পাস হয়েছে বলে জানিয়েছেন। তিনি বলেন, আজকে একনেক সভায় প্রধানমন্ত্রী সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। সেখানে ১৭টি প্রকল্প উত্থাপিত হয়েছে, তার মধ্যে ১৫টি নিয়ে আলোচনা হয়েছে। অধিকাংশ প্রকল্পই পাস হয়েছে। তবে, কয়েকটি প্রকল্পের শর্তসাপেক্ষ বিভিন্ন বিষয় আছে। প্রায় প্রকল্পের ব্যাপারে কমেন্টের বিষয় আছে। তিনি বলেন, একটা সিদ্ধান্ত এর আগে নেওয়া হয়েছিল যে, যেগুলো চলমান প্রকল্প এবং যে-সব প্রকল্প প্রস্তাবিত হয়েছে বিগত সময়ে, সেইসব প্রকল্পকে আমরা রিভিউ করব। অনেকগুলো প্রকল্প এমন অবস্থায় চলে এসেছে যে, সেগুলোর হয়ত প্রয়োজন নেই। জোনায়েদ সাকি বলেন, প্রকল্প নিয়ে প্রধানমন্ত্রীর নির্দেশটা খুব স্পষ্ট। সেটা হচ্ছে, আমাদের সাশ্রয়ী হতে হবে, ব্যয়ের দিক থেকে। এছাড়া, ব্যয়গুলো কোন কোন খাতে হচ্ছে, সেগুলো যৌক্তিকতা যাচাই-বাছাই করা। যে যে প্রকল্প নেওয়া হয়েছে, সেগুলো আসলে কতটা সামগ্রিকভাবে আমাদের জনগণের জীবনে যে উন্নতি চিন্তা করা হয়েছে, বর্তমান সরকারকে তার যে নির্বাচনি ইশতেহার পরিকল্পনা সবগুলোর সঙ্গে সামঞ্জস্য কিনা? এই সব দিকে পরীক্ষা নিরীক্ষা করার জন্য নির্দেশনা দিয়েছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ আসাদ)

## এসএসসির প্রশ্নফাঁসের সংবাদ ভিত্তিহীন, সতর্কীকরণ বিজ্ঞপ্তি মন্ত্রণালয়ের

চলতি মাধ্যমিক স্কুল সার্টিফিকেট, এসএসসি ও সমমান পরীক্ষায় প্রশ্নফাঁসের সংবাদ সম্পূর্ণ ভিত্তিহীন বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। শিক্ষা মন্ত্রণালয়ের এক সতর্কীকরণ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ও নিউজ পোর্টালে এসএসসি পরীক্ষা-২০২৬-এর বাংলা

প্রথমপত্রের (১০১) সকল বোর্ডের প্রশ্ন ফাঁস হয়েছে বলে একটি সংবাদ ছড়িয়ে পড়েছে, যা সম্পূর্ণ অসত্য, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত। এর আগে, ২১ এপ্রিল বাংলা প্রথমপত্র ও ২৩ এপ্রিল বাংলা দ্বিতীয়পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কোথাও কোনো ধরনের অপ্রীতিকর ঘটনার সংবাদ পাওয়া যায়নি। পরীক্ষা শেষ হওয়ার একদিন পর প্রশ্ন ফাঁস সম্পর্কিত সংবাদটি শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে উদ্‌বেগের সৃষ্টি করেছে। শিক্ষা মন্ত্রণালয় জানায়, প্রকৃতপক্ষে প্রশ্নপত্র ফাঁসের সংবাদটি একটি গুজব এবং সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার উদ্দেশ্যে এটি প্রচার করা হচ্ছে। এ বিষয়ের সঙ্গে মন্ত্রণালয় বা এর অধীনস্ত দপ্তরের কোনো কর্মকর্তা-কর্মচারী জড়িত নন। বিজ্ঞপ্তিতে জনগণকে বিভ্রান্ত না হয়ে সতর্ক থাকার এবং কোনো ধরনের অর্থ লেনদেন না করার পরামর্শ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। একইসঙ্গে প্রশ্ন ফাঁস সংক্রান্ত অপপ্রচার নজরে এলে শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করার অনুরোধ করা হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ আসাদ)

## একনেক সভায় ১৫ প্রকল্প অনুমোদন

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি একনেক সভায় ১৭টি প্রকল্প উত্থাপন করা হয়েছে। এর মধ্যে ১৫টি প্রকল্প অনুমোদিত হয়েছে। রোববার বাংলাদেশ সচিবালয়ের একনেকের বৈঠক শেষে অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী জোনায়েদ সাকি সাংবাদিকদের এ কথা বলেন। এর আগে, প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির ২০২৫-২৬ অর্থবছরের ১০ম সভা অনুষ্ঠিত হয়। সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলমসহ কমিটির সদস্য এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব ও ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ আসাদ)

## জানুয়ারি থেকে নতুন শিক্ষাবর্ষ শুরুর পরিকল্পনা সরকারের

আগামী জানুয়ারি থেকে নতুন শিক্ষাবর্ষ শুরুর পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেছেন, সেশনজট কমাতে ডিসেম্বরের মধ্যেই সব পাবলিক পরীক্ষা শেষ করে জানুয়ারি থেকে নতুন শিক্ষাবর্ষ শুরু করার পরিকল্পনা রয়েছে। এবারের পরীক্ষার সার্বিক পরিস্থিতি নিয়ে সরকার সন্তুষ্ট এবং শিক্ষার্থী-অভিভাবকদের কাছ থেকেও ইতিবাচক সাড়া পাওয়া যাচ্ছে। রবিবার বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে ৈবিশ্ব মেধাস্বত্ব দিবস-২০২৬, উপলক্ষ্যে আয়োজিত এক কর্মশালার উদ্‌বোধন শেষে তিনি এ কথা বলেন। এ সময় মন্ত্রী জানান, সারা দেশে চলমান এসএসসি ও সমমান পরীক্ষা সুষ্ঠু এবং শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। প্রশ্নফাঁস সংক্রান্ত গুজব ছড়ানো নিয়ে উদ্বেগ প্রকাশ করে শিক্ষামন্ত্রী বলেন, যাচাই ছাড়া কোনো তথ্য প্রচার না করতে গণমাধ্যমের প্রতি বিশেষ আহ্বান জানানো হচ্ছে। বিভিন্ন টেলিগ্রাম গ্রুপে গুজব ছড়ানো হলেও, তা যাচাই না করে প্রচার করলে শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হতে পারে। মন্ত্রী বলেন, গুজব কে ছড়াচ্ছে, সেটি যেমন গুরুত্বপূর্ণ, তেমনি যাচাই ছাড়া তা প্রচার করা আরো বড়ো সমস্যা। একটি সংবাদ প্রকাশের আগে সেটির সত্যতা যাচাই করা গণমাধ্যমের দায়িত্ব। ফেসবুক বা সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়ানো তথ্য অনেক সময় ৈইনস্ট্যান্ট, প্রতিক্রিয়া তৈরি করে, যা বাস্তবতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না-ও হতে পারে। গুজব রোধে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে জানিয়ে তিনি বলেন, যারা গুজব ছড়াচ্ছে কিংবা যাচাই ছাড়া প্রচার করছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে, হচ্ছে এবং ভবিষ্যতেও নেওয়া হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ আসাদ)

## এপ্রিলের ২৫ দিনে রেমিট্যান্স এলো ২৫৭ কোটি ডলার

চলতি মাসের প্রথম ২৫ দিনেই দেশে রেমিট্যান্স এসেছে ২৫৭ কোটি ৮০ লাখ মার্কিন ডলার। এই হিসাবে প্রতিদিন গড়ে দেশে এসেছে ১০ কোটি ৩১ লাখ ডলার রেমিট্যান্স। রবিবার বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন খান তথ্য জানিয়েছেন। তিনি বলেন, চলতি এপ্রিল মাসের প্রথম ২৫ দিনে দেশে রেমিট্যান্স এসেছে ২৫৭ কোটি ৮০ লাখ ডলার। আর গত বছরের একই সময়ে এসেছিল ২২৫ কোটি ১০ লাখ ডলার। অর্থাৎ, বছর ব্যবধানে রেমিট্যান্সপ্রবাহ বেড়েছে। চলতি অর্থবছরের জুলাই থেকে ২৫ এপ্রিল পর্যন্ত দেশে এসেছে ২ হাজার ৮৭৮ কোটি ৭০ লাখ ডলার রেমিট্যান্স। বছর ব্যবধানে যা বেড়েছে ১৯ দশমিক ৮০ শতাংশ। এর আগে, গত মার্চে দেশে এসেছে ৩৭৫ কোটি ৫০ লাখ ৫০ হাজার মার্কিন ডলার রেমিট্যান্স, যা দেশের ইতিহাসে যে-কোনো এক মাসের সর্বোচ্চ।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ আসাদ)

## তনু হত্যায় অভিযুক্ত অপর দুই সাবেক সেনা সদস্যকে খুঁজছে পুলিশ

কুমিল্লার আলোচিত সোহাগী জাহান তনু হত্যা মামলায় গ্রেফতার হওয়া সাবেক সেনাসদস্য হাফিজুর রহমানকে তিন দিনের রিমান্ড শেষে কারাগারে পাঠানো হয়েছে। রোববার মামলার তদন্ত কর্মকর্তা পিবিআই-এর পরিদর্শক তরিকুল ইসলাম তাকে আদালতে হাজির করলে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবদুল্লাহ আল আমান এই নির্দেশ দেন।

মামলার অন্য দুই প্রধান সন্দেহভাজন সার্জেন্ট জাহিদ ও সৈনিক শাহীন আলমকে গ্রেফতারে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) বর্তমানে জোর তৎপরতা চালাচ্ছে। তদন্ত সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ৫২ বছর বয়সি অবসরপ্রাপ্ত সেনাসদস্য হাফিজুর রহমান তনুকে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে নিয়ে আসতেন এবং তার মাধ্যমেই তনুর সাংস্কৃতিক পরিমণ্ডলে যাতায়াত শুরু হয়। পিবিআই কর্মকর্তাদের মতে, হাফিজুর রহমান এই হত্যাকাণ্ডের ঘটনাক্রমের সাথে নিবিড়ভাবে জড়িত। যদিও তিনি অত্যন্ত প্রশিক্ষণপ্রাপ্ত এবং ডিজিএফআই-এর মতো গুরুত্বপূর্ণ সংস্থায় কাজের অভিজ্ঞতা থাকায় তার কাছ থেকে তথ্য বের করা বেশ জটিল ছিল, তবুও রিমান্ডে তার কাছ থেকে বেশ কিছু গুরুত্বপূর্ণ তথ্য মিলেছে বলে জানা গেছে। তবে, তদন্তের স্বার্থে সেসব তথ্যের বিস্তারিত এখনই প্রকাশ করতে রাজি হননি কর্মকর্তারা। এদিকে, মামলার অপর দুই সন্দেহভাজন সার্জেন্ট জাহিদ ও সৈনিক শাহীন আলমের অবস্থান নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে। পিবিআই ধারণা করছে, তাদের মধ্যে একজন ইতোমধ্যে দেশের বাইরে চলে গেছেন এবং অন্যজন দেশেই আত্মগোপনে আছেন। দেশে থাকা অভিযুক্তকে দ্রুত আইনের আওতায় আনতে কাজ করছে বিশেষ দল। তবে, এই দুইজনের নাম নিয়ে তনুর পরিবার ও তদন্ত সংস্থার মধ্যে কিছুটা ভিন্নতা দেখা দিয়েছে। তনুর বাবার দাবি, অভিযুক্ত সৈনিকের নাম জাহিদ, কিন্তু পিবিআই-এর তদন্তে শাহীন আলম নামে এক ব্যক্তির নাম উঠে এসেছে। তদন্ত কর্মকর্তা জানিয়েছেন, শাহীন ও জাহিদ দু-জন সম্পূর্ণ আলাদা ব্যক্তি এবং তদন্তের মাধ্যমেই বিষয়টি পরিষ্কার হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ আসাদ)

### দেশের সাত জেলায় বজ্রপাতে ১২ জনের মৃত্যু

দেশের বিভিন্ন জেলায় বজ্রপাতে অন্তত ১২ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। রোববার বিকেলে গাইবান্ধাসহ সাত জেলায় এসব প্রাণহানির ঘটনা ঘটে। সবচেয়ে বেশি ক্ষয়ক্ষতি হয়েছে গাইবান্ধা জেলায়, যেখানে একই এলাকায় একসঙ্গে চারজনের মৃত্যু হয়েছে। জেলা প্রতিনিধিদের পাঠানো তথ্যে জানা গেছে, নাটোর জেলার সিংড়ায় ধান কাটার সময় বজ্রপাতে একজন নিহত হন। গাইবান্ধার সুন্দরগঞ্জ ও সাঘাটা উপজেলায় চারজনের মৃত্যু হয়েছে। সিরাজগঞ্জ জেলার তাড়াশ ও রায়গঞ্জে বজ্রপাতে দুইজন মারা গেছেন। এছাড়া, জামালপুর জেলার মেলান্দহ উপজেলায় রান্নার সময় বজ্রপাতে মর্জিনা নামে এক গৃহবধূর মৃত্যু হয়। বগুড়া জেলার গাবতলীর সোনারাই এলাকায় বজ্রপাতে এক যুবক নিহত হয়েছেন। অন্যান্য জেলাতেও প্রাণহানির খবর পাওয়া গেছে। স্থানীয় সূত্রে জানা যায়, গাইবান্ধায় বিকেল ৪টার দিকে হঠাৎ আকাশ কালো মেঘে ঢেকে যায় এবং বজ্রসহ বৃষ্টি শুরু হয়। এসময় বজ্রপাতে সুন্দরগঞ্জ উপজেলার ধোপাডাঙ্গা ইউনিয়নে চারজন গুরুতর আহত হন। পরে তাদের উদ্ধার করে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। একই ঘটনায় একটি গরুও মারা যায়। অন্যদিকে, গাইবান্ধার সাঘাটা উপজেলার পদুমশহর এলাকায় গোসল করার সময় বজ্রপাতে আহত একজনকে জেলা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এছাড়া, ফুলছড়ি উপজেলার বুলবুলির চর এলাকায় বজ্রপাতে আহত আরও একজন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৬.০৪.২০২৬ আসাদ)

# BBC

### WASHINGTON HOTEL SHOOTING RAISES QUESTIONS ABOUT TRUMP SECURITY

"I can't imagine that there's any profession that is more dangerous," President Donald Trump told reporters, just hours after he was at the centre of yet another major security incident. While a small army of Secret Service agents make the president arguably the world's most protected person, keeping him safe is proving to be no easy task. First there was the assassination attempt in Butler, Pennsylvania, in the summer of 2024 in which a bullet grazed his ear. Just 64 days later, Trump was again the target of a would-be assassin as he played a round on his Florida golf course. And now, hours after gunshots shattered the revelry of the White House Correspondents' Association dinner at the Hilton hotel in the nation's capital, Trump's security is once again under scrutiny. While the motive and precise target of the suspected shooter, 31-year-old Cole Tomas Allen, remain unclear, questions are mounting over how a gunman could get so close to the president. Among them is the level of screening at the hotel hosting some of Washington's most high-profile politicians, diplomats and journalists. (BBC Web page : 26.04.2026 Ali Ahmed)

### A 17TH CENTURY 'SUPERCOMPUTER' ONCE OWNED BY INDIAN ROYALTY HEADS FOR AUCTION

A spectacular brass astrolabe - or a hand-held astronomical computer - from the 17th Century, once part of the royal collection of Jaipur city in western India, will go under the hammer at Sotheby's in London on 29 April. The object is "perhaps the largest in existence"

and has never been exhibited before, Benedict Carter, head of the department of Islamic and Indian Art at Sotheby's, told the BBC. Known to be part of the royal collection of Maharaja Sawai Man Singh II of Jaipur, it was passed on to his wife Maharani Gayatri Devi, one of the most glamorous women of her time, after his death. It then moved to a private collection during her lifetime. Astrolabes are metallic disks with multi-layered, interlocking components that were historically used to tell the time, map the stars, the direction of Mecca and the motion of the sky. "They are essentially a two-dimensional projection of a three-dimensional universe. I compare them to modern-day smartphones because you can do so many things with them," says Dr Federica Gigante of the Oxford Centre for History of Science, Medicine and Technology.(BBC Web page : 26.04.2026 Ali Ahmed)

**TRUMP CANCELS US ENVOYS' TRIP TO PAKISTAN FOR TALKS ON IRAN WAR**

Donald Trump cancelled a planned trip by US officials to Pakistan for talks on the Iran war on Saturday, shortly after Tehran's delegation had left Islamabad. The US president said special envoy Steve Witkoff and son-in-law Jared Kushner would be wasting "too much time", adding that if Iran wanted to talk "all they have to do is call". Earlier, Iranian Foreign Minister Abbas Aragchi held talks with mediator Pakistan, saying afterwards he had shared Iran's position on ending the war but was yet to see whether the US was "truly serious about diplomacy". Diplomatic efforts have stalled despite Trump's extension of a ceasefire that had been due to expire on 22 April to allow talks to continue. Both sides have been locked in a standoff over the Strait of Hormuz, with Iran restricting passage through the key shipping route in the wake of the US and Israel commencing strikes in February, as well as over Tehran's nuclear ambitions. The US has since increased its naval presence in the strait - through which roughly a fifth of the world's oil supply passes - to block Iranian oil exports.
(BBC Web page : 26.04.2026 Ali Ahmed)

**PALACE HOLDING TALKS OVER PLANS FOR KING'S US VISIT AFTER WASHINGTON SHOOTING**

King Charles III is "being kept fully informed of developments" after a shooting incident at the White House Correspondents' Dinner, Buckingham Palace has said. "A number of discussions will be taking place throughout the day to discuss with US colleagues and our respective teams to what degree the events of Saturday evening may or may not impact on the operational planning for the visit," it said in a statement ahead of his trip to the US on Monday. The King is "greatly relieved" to hear that President Donald Trump, First Lady Melania "and all guests have been unharmed", it added. Trump and the first lady were evacuated from the dinner in Washington DC after an armed man rushed past a checkpoint. A government minister said earlier that the King's state visit would have "appropriate security in place in relation to the risk". Chief Secretary to the Prime Minister Darren Jones told BBC One's Sunday with Laura Kuenssberg programme the government and Buckingham Palace had been in "close co-operation" with US officials before the trip.
(BBC Web page : 26.04.2026 Ali Ahmed)

**STARMER INSISTS 'MAJORITY' OF LABOUR MPS BACK HIS LEADERSHIP**

Prime Minister Sir Keir Stamer has insisted the "vast majority" of Labour MPs support him and want him to continue doing his job as prime minister. He was speaking to the Sunday Times at the end of a week in which speculation has grown that the possibility of him facing a challenge to his leadership from within his own party was rising. Sir Keir told the paper "in politics, you get this sort of thing all of the time, there is always talk". Conservative shadow home secretary Chris Philp said the prime minister should resign over his decision to appoint Lord Mandelson as the UK's ambassador to the US, adding that if he didn't step down Labour MPs should "develop a backbone and get rid of him". Speaking to the BBC's Sunday with Laura Kuenssberg programme, Philp said some ministers were "equivocating" over Sir Keir's future and a couple of MPs were publicly calling on him to go.
(BBC Web page : 26.04.2026 Ali Ahmed)

**NETANYAHU ORDERS ARMY TO 'VIGOROUSLY ATTACK' HEZBOLLAH IN LEBANON**

Israel's Prime Minister Benjamin Netanyahu has ordered his military to "vigorously attack Hezbollah targets" in Lebanon, two days after a ceasefire was extended by three weeks. Fresh Israeli attacks followed the directive, which came after at least six people were killed in strikes on southern Lebanon on Saturday. Further cross-border exchanges between the two sides have strained the truce agreement, highlighting the precarity of the ceasefire. The

agreement, which has seen a reduction in fire rather than a complete halt, was extended on Thursday after talks between the countries' envoys in Washington. Earlier on Saturday, Israeli strikes on a truck and a motorbike in the town of Yohmor al-Shaqeef in the Nabatieh district killed four people, Lebanon's health ministry said, according to Agence-France-Presse. Another two people were killed and 17 injured in an attack on the town of Safad al-Battikh, in the Bint Jbeil district, it said.(BBC Web page : 26.04.2026 Ali Ahmed)

**SUSPECTED GUNMAN AT WASHINGTON PRESS DINNER IDENTIFIED AS 31-YEAR-OLD CALIFORNIAN**

The man arrested after shots were fired inside the hotel where the White House Correspondents' Dinner was being held on Saturday night has been named to the BBC's US news partner CBS by law enforcement sources as Cole Tomas Allen. The 31-year-old suspect is from Torrance in the Los Angeles region, California. After he was detained by security agents inside the Washington Hilton hotel he told law enforcement officials he wanted to shoot officials in the Trump administration, two sources told CBS. Citing the sources, CBS also said that at least five to eight gunshots were fired during the incident. CCTV footage posted by Trump shows a person rushing past security officers, who then turn and chase him. At a late night press conference, police said that security officials and the suspect exchanged fire, without saying how many shots were fired. Washington interim police chief Jeffery Carroll said the suspect was not struck by gunfire but was taken to hospital for evaluation. The suspect was a guest at the Washington Hilton hotel where the correspondents' dinner was taking place, Carroll said, adding that he was "armed with a shotgun, a handgun, and multiple knives".(BBC Web page : 26.04.2026 Ali Ahmed)

## :: THE END ::